ভূমিকা।

→

পূর্ব্বে এতদেশে সাধারণ নাট্যশালা না থাকায়
স্থরচিত নাটক এন্থের সোন্দর্য্য প্রায় অন্তঃপটে থাকিত।
রচনার পারিপাটো কেবল বিদ্বান লোকেরই অনুরাগ
জন্ম। কিন্তু অভিনয়ব্যতীত সর্ব্ব সাধারণের আমোদ
হয় না। ইদানীং সে অভাব দূর হওয়াতে নাটক রচনার
চর্চ্চা বৃদ্ধি হইয়াছে।

অতএব এই স্থান্সতি হেতু ত্রন্ধদেশীয় এক মনোহর
কাব্য আধুনিক নাটকের প্রণালীতে লিথিয়া প্রকাশ
করিতেছি। যদি এই অভিনয় নাটক গুণজ্ঞ লোকের
মনোরম্য হয়, তবেই আমার অভিপ্রায় সিদ্ধ হইল।
তদ্ভিন্ন আর কোন স্বার্থ নাই।

হুগলী বঙ্গাদা ১২৮১। বৈশাখ।

ना हैक मरमृष्ठे वा किंग एवं नाम।

যে বিনাশ পিঙ্গলদেশের রাজা। তম্ম পুত্র রাজকুমার (অবিবাহিত।) যুবরাজ मञ्जीव्यक्षान, उ धर्माध्यक। शीमथं ... আশ্রমিক। পরিব্রাজক ... প্রীদেশের রাজা। রজতগিরিরাজ ... ভবিষ্যদ্বক্তা। অনাগতবাদী ব্যাধ। সুধন্ব রজতগিরিরাজ-নিদনী (অনুঢ়া)। ক্ষণপ্রভা প্রমীলা রজতগিরিরাজের অপর হুই কন্যা। नौना রজতগিরিরাজের অন্তঃপুরের প্রধান দমনিকা পরিচারিকা। মালতী ... পঙ্গলাধিপতির প্রধান পুরনারী। স্থয়ার স্ত্রী। কাঞ্চনী... ... বামা বৈষ্ণবী ... নগরবাসিনী। এতদ্ভিন্ন পারিষদগণ ও প্রহরী প্রভৃতি।

রজতগিরি-নন্দিনী।

প্রথম অঙ্ক!

প্রথম গর্ভাঙ্ক।

পিঙ্গল নগর-রাজনিকেতন।

(রাজা, মন্ত্রী ও কোন পারিষদের প্রবেশ।)

মন্ত্রী। মহারাজ! আজ আপনাকে কেন এমন বিষয় দেখ্চি? ঈশ্বর না ককন, যে রাজ্যের কোন অকুশল বার্ত্তা শুন্তে হয়। তবে অসময়ে আমাদের শারণ করাতেই শক্ষা হচ্চে, পাছে কোন অশুভ ঘটনা হয়ে থাকে।

রাজা। ঈশ্বেক্ছার শক্ষাজনক কিছুই উপস্থিত হয়
নাই। তবে যে কথার নিমিতে আমি ভোমাদের ডাক্লেম
তা বল্চি। তোমাদের স্থচাক মস্ত্রণায় আমি একাল্ল পর্যান্ত এই রাজ্য স্থাসন করে আস্চি। যখন বিপদ পড়েচে তখন তোমরা সাহায্য করে তাহ'তে উদ্ধার করেচ,—তজ্জন্য আমি বাধিত আছি। দেখ, আমাদের রাজ্যের চতুর্দিকেই শক্র ও সকলেই ছুর্দান্ত, তত্ত্বাচ কেহ কখন আমাদের কোন অনিষ্ট কর্ত্তে পারে নাই।

মন্ত্রী। না মহারাজ, তা পারে নাই। ঈশ্বেচ্ছায় আপনি জয়ধ্বজ ভাগ্যবান্! শক্রগণ, বিপুলপরাক্রাস্ত হইলেও আপনার সমতুল কেহ নহে, এ আমরা বেশ জানি। তার পর আমাদের সাহায্যের বিষয়ে মহারাজ যে উল্লেখ কল্লেন্, সে শ্লাঘ্য। যদি আমরা কেবল মহারাজকে নীতি মন্ত্রণা দিতেও না পার্বো, তবে আমাদের ভূরি বেতন ভোগের আর কিনে নিক্ষতি হইবে।

রাজা। (ঈবং মেনি থাকিয়া) তবে আমি জিজ্ঞাসা করি যে আমাদের শাসনে এ রাজ্যের লোকের কিছু বিরাগ আছে কি না?

মন্ত্রী। মহারাজ ! তা নয় বরং আপামর সাধারণের অনুরাগই আছে, এবং লোকে অনুক্ষণ প্রার্থনা করে যে যাবৎ চন্দ্র, সূর্য্য ও তারাগণ আকাশে উদয় হইতে থাকেন, তাবৎ আপনি রাজ্য কৰুন, এবং জয়মুক্ত হউন।

রাজা। আমার এক্ষণে বার্দ্ধকা উপস্থিত। অতএব ইচ্ছা যে যুবরাজকে রাজ্যভার দিয়া অবসৃত হই। যেহেতুক এক্ষণে আমার আর ঐহিকের কর্মা করা বয়ঃধর্মা নহে। এখন পার-লৌকিক চিন্তা করাই আবশ্যক। ভোমাদের মত কি ? যুব-রাজের অতুল বাহুবল ও নির্মাল যশ জমুদীপে বিখ্যাত আছে।

মন্ত্রী। মহারাজ! এই যথাযোগ্য প্রস্তাবে আমাদের সম্মতি আছে। যুবরাজ সর্বব গুণোপেত, এবং প্রতিপন্ন শরায়ুধ ও রাজনীতিজ্ঞ বটেন। রাজা। তবে শুভ দিন দেখে যুবরাজকে রাজটীকে দেওনের আয়োজন কর্ত্তে থাক।

মন্ত্রী। যে আছে।

্রাজা ও মন্ত্রী প্রভৃতি সকলের প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

রাজ কুমারের শয়ন-মন্দির।

(রাজকুমার পর্য্যক্ষোপরি শয়ান।)

রাজ। (সুপ্রোশিত) মনিমন্তিত এই সুখাসনেও আমার স্থের লেশমাত্র নাই। অতুল রাজকুলে আমার জন্ম বটে, কিন্তু তাহাতেও সুখ নাই। আর পিতার আসমুদ্র সামাজ্য তাতেও সক্ষকতা নাই। ছংখ রূপ পাষাণে আমার বক্ষঃ ভারাক্রান্ত হয়েচে, অতুল এখর্য্যে সে শিলার ভার লাঘব হয় না, সন্তপ্ত-হৃদয় মনিমন্তিত হইলেও তাহা শীতল হইবার নহে। আঃ কি ক্লেশ! সেই যে রজতগিরি-বালা যাকে আমি স্থপনে দেখেচি, সেই আমার হৃদয়ে জাগ্চে। আমি নিদ্রিত কি জাগরিত, তাও আমার এখন বোধ নাই, আমি এখনও যেন দেখ্চি, যে সেই স্থরমোহিনী নারী আমার সন্মুখে দাঁড়িয়ে রয়েচে, আর ক্ষণপ্রভার ন্যায় ক্ষণে সন্তর্হিত হচ্চে, আর এক এক বার আমার স্বর্ণার্ড্রত ক্রের সামাহনের অমোঘ-শরাসনে-যোজিত

নেত্রবাণ হান্চে, আর আমিও সেই সময়ে ভাকে বল্চি যে কমলনরনে! আর একবার দৃষ্টি কর যে বিষে বিষক্ষ হউক। আহা! অভাগার মুখভাগ্য কি অকিঞ্ছিৎকর! কেবল মপ্রেভেও ক্ষণিক মাত্র। হঠাৎ নিজাভক্ষ হওয়ায় দেখলেম যে সে চার্ককী নিকটে নাই, চারিদিক্ শূন্য। নলিনী-বিচ্ছেদে অস্তাচলগামী লোহিভ বরণ স্র্যের ন্যায় একেবারে পর্বভের নীচে পড়লেম্। আহা! এ বিচ্ছেদ কে ঘটালে? বোধ হয় দাকণ বিধি, কি নিদাকণ ললাট্। (সচকিভে) কার পায়ের শব্দ শুন্চি! বোধ হয়, কিছু শুনেও থাক্বে। কেও?

(জনৈক পারিষদের প্রবেশ।)

পারি। রাজকুমার! কেন থিছামান হইতেছ, রজতণিরি-কন্যারা এক প্রকার দেবাঙ্গনার ন্যায়। মর্ত্যলোকে এসে মনের মানসে কাননে কুমুমকলি চয়ন করেন, ও তাহা চাঁচর কেশে রাথিয়া বসস্ত আগমনের প্রতীক্ষা করিয়া থাকেন। কাল পাইয়া সেই সকল কলি ক্রমে ক্রমে প্রস্ফুটিত হয়,ও স্থর নায়িকাদিগকে পুলকিত করে। বিরহানলে তোমার দক্ষ হাদয় কালে মিলন-বারি পাইয়া মুশীতল হইবে। সম্প্রতি

রাজ। তা বটে, কিন্তু আখাসে কেবল আশারই রুদ্ধি হয়, ও সে আশা সফল না হইলে, কেবল কফই বাড়ে। এখন উঠি। কপালে যা আছে হবে।

[প্রস্থান।

তৃতীয় গভাঙ্ক।

পিঙ্গল নগর—উপবন।

(সুধনা ব্যাধ ও কাঞ্চনীর প্রবেশ।)

সুধ। ওলো কাঞ্চনী! কালি চুণি! আমি যে শিকের কতে বোনে যাব, যরে খাবার কি আছে দে?

কাঞ্চ। (সক্রোধে) নারিকেল মুড়ি টাঙ্গানো আছে।
স্থা। ভোর মন্টা আজু এত ভার ভার কেন?—কথার
রস্ কষ্নেই,—হাঁলো!

কাঞ্চ । নে বল্চি, তুই আমাকে লো লো করিস্নে। ওতে আমার মন বিগ্ডে যায়। ছুটো গাল দে তা'তে আমি এত বেজার হইনে, লো বল্লে আমার গা যেন জ্বলে যায়। তুই ভারি ছোট লোক।

স্থ । হা ! হা ! হা ! (উভরায়ে হাস্ম) তুই কি লো ! কাঞ্চ আবার লোবল্বি ? তোর লজ্জা নেই ? আমার বাপ রাজার শিকারী ছিল চ সে যে লোক তা তুই জানিস্?

স্থ । হাঁ, চার পাঁচ হাত লম্বা ছিল, এই বড় লোক। কাঞ্চা তাতো বটেই।

স্থধ। বটে বটে। সেই জ্বন্যেই তো দেবদাৰু গাছকে বড় গাছ বলে।

কাঞ্। আছা। আজ্ভোকে দেখাব, তুই আমাকে লোবলে কেমন হজমুকরে যাস্।

্রথ। (নিঃশক্তে) দূর হউক! ছুঁড়ি বিষয় মগ্রা,

ওকে আর ঘাঁটাবো না। (সাদরে) আর রাগ করোনা। এসো এসো কাঞ্চনী এসো, সোনামণি এসো, ধনমণি এসো।

কাঞ্চ। আবর আদরে ক'জে নেই যা, গোড়া কেটে আগায় জল!

সুধ। তবে এখন চল্লেম, খাবার পেয়েচি।

কাঞ্চ। আজ যদি কিছু না আন্তে পারিস্ তো বিষ ঝেডে দেবো যে গায়ের জালা যাবে।

সুধ। আজ দেখ্চিস্কি ? আজ ভারী শিকের আছে। যদি কপালে থাকে তবে এক দিনেই বড়মানুষ হয়ে যাবো।

কাঞ। কি বল্দেখি ভানি?

স্থ। দেখু, গোল বছর এই মাসে পুণ্যিমের দিনে কমল সরোবরে দেব-কন্যারা নাইতে এসেছিল। এবারো নাকি আস্বে। তারা সকলেই পরী। তার মধ্যে যে বড়টী সেটী যেন চাঁদের কোণা। আজ ফাঁদ পেতে সেইটাকে ধোর্বো আর অমনি রাজকুমারকে ডালি দেবো। আর ঘরে এসেই তোকে সোণার গাচ কোর্বো। (সানন্দে নৃত্য 1)

কাঞ্চ। আঃ তোর মুকে আগুন! তোর মরণ! এ বুদ্ধি তোকে কে দিলে? তারা দেবকন্যা। ছুঁবি আর অমনি ছাই কোরে দেবে।

স্থ। তা তখন বুঝবো। তোর ভয়ে কাজ নেই। জলের ভেতর ছাই কোরবে। আ পোড়া বুদ্ধি!—একেই বলে মেয়ে-মানুষ! তা তো নয়, তোর মনে হচ্চে, পাছে আমাকে দেখে দেবকনেয়রা ভুলে যায়। হা-হা-হা! সেই কথাই বটে। ় কাঞ্চ। তা তো দেখচিইঃ এমন নগনচাঁদা পুৰুষ তো আর নেই। কত দিন তপিস্যে করে তোকে পেয়েচি।

সুধ। তা তো মিচে নয়। মহাদেবের বেলগাছের বে ব্যাথ, শিবো-আভিরে শুনেচিস্ আমি তারি নাতি। তবে এখন আসি, কথায় কথায় দিন যাসে। প্রিমি, কিছু মনেকরো না।

(নেপথ্যে সঙ্গীত)।

চলিল স্থধনা ব্যাধ ধনুৰ্ব্বাণ লইয়া।
লক্ষে ৰাষ্পে মহী কম্পে শিব নাম কহিয়া॥
কুৰুসৈন্য মাঝে যেন বৃহন্নলা হইয়া।
দ্বীপি-চৰ্ম পরিধৃত পৃষ্ঠে তৃণ লইয়া।
দ্বল স্থল পশুকুল সৰ্ব্ব বন ব্যাপিয়া।
বেগে ধায় নাহি চায় যায় বন ত্যজিয়া॥

কাঞা। (স্বগত) এত যে কফ কলহ, তরু স্বামীর মুধ্ দেখ্লে তা কিছুই মনে থাকে না। স্বামীর সঙ্গে বনেও সুধ আছে। স্বামী বিচ্ছেদে ঘরেও সুধ নাই। যে নারীর স্বামী নাই, তার সংসারে কেউ নাই। থে স্বামান হ

চতুর্থ গর্ভাঙ্ক।

পক্ষজ হ্রদের তট।

(স্থধনা ব্যাধ ও কিয়দ্দুরে পরিত্রাজকের প্রবেশ।)

পরি। আহা! বনের কি চমৎকার শোভা হয়েচে! একে বসস্তকাল, তায় প্রফুল নানাজাতি কুর্মের সৌরভে বন আমোদিত করেচে। মাধবীলতার রূপে মুধ্ব হয়ে মধু-পোরা তার চতুর্দ্ধিক বেইন করতঃ গুণ গুণ শব্দ কচে। আর নানাজাতি রক্ষের শাধায় বিসিয়া বিবিধ বর্ণের বিহ্-ক্ষেরা কলরব কচে। এবং "মলয় মক্ত পুষ্পা সোরভে ভারাক্রান্ত হয়ে বনমধ্যে ইতন্ততঃ বিহার কচে। সরোবরেরি বা কি অপরপ শোভা দেইচি। হৃদয়ে কমল বন, আর প্রফুল্ল কমলে এমনি জলের শোভা হয়েচে, যেন খেত গঙ্গার আবির্ভাব হয়েচে। জলেরি বা কি কমনীয় হিলোল। তায় দিবাকরের কিরণ লেগে যেন রাশি রাশি হীরা জুল্চে ও মুক্তালতা ভেসে বাচে। পালগদ্ধে আমার মন মোহিত হলো। হে জগদীশ! ভোমার কীর্ত্তি অনির্কারীয় ; ও তাহার কীর্ত্তন করা অসাধ্য! ইচ্ছা হয় যে এই প্রাচীন বটরক্ষমূলে বিসয়া স্বাসিত শীতল বায়ু সেবন করি। একে আস্চে?—ব্যাধ নাকি? দূর হউক! অ্যাত্রা!

[প্রস্থান।

সুধ। এ কে গেল ?—বোধ হয় সেই সন্ন্যাসী হ'বেন।
এমন বনের শোভা আর কখনো দেখি নাই! পালফুল গুলি
ফুটে যেন আলো করেচে। আহা কি বাস! এই গাছ তলায়
ভায়ে সুমুই নে কেন? বেশ শীতল বাতাস বচেচ। আহা!
এ সময় যদি কাঞ্চনী কাছে থাক্তো, তবে স্বংগার সুখভোগ্
কতেম্। (বৃক্ষমূলে শয়নপূর্কক নিদ্রা।)

পঞ্চম গর্ভাঙ্ক।

--

রজতগিরি—রাজপুর।

(ক্ষণপ্রভা, প্রমীলা ও লীলার প্রবেশ।)

ক্ষণপ্র! প্রমীলে, আজ্ এক্টা ভাল কথা মনে পড়েচে; যদি ভোদের মনে ধরে, ভবে দিন কভক বেশ্ আমোদ হ'বে।

প্রমী। সেতো ভালই! কি কথা বল্দেখি ভানি।

ক্ষণপ্রা গেল বছর আমরাবসস্ত পঞ্মীর দিনে কোথ। ছিলেম্বল্দেখি?

প্রমী। কেন, কমলসরোবরে জলক্রীড়া কতে গেছ্-লেম। সে পিঙ্গলদেশের রাজার অধিকারে—পৃথিবীতে। বড় মনোহর স্থান বটে। দিদি বেশ্মনে করেচ়া কবে যাবৈ ?

ক্ষণপ্রা তার তো আর দিন নেই। তবে চল, সকলে
গিয়ে মহারাজকে বলি। রজতগিরি স্বর্গতুল্য হ'লেও, এক
স্থানে নিরবধি ভাল লাগে না। আমরা পরীরাজকুমারী;
দুর্গম পথ হ'লেও আমাদের শক্ষা কি,—আমরা শূন্যপথে
গমন করে থাকি।

প্রমী। এ সময় বন উপবনের বড় আকর্ষ্য শোভা হয়; বিশেষতঃ কমলহ্রদের যেমন নির্মাল জ্বল, তেমনি প্রফুল কমল,—দেখলে ইচ্ছে হয়না যে সেখান থেকে উঠে আসি! ক্ষণপ্র । তাতো সব বুঝ্লেম ; এখন রাজা যেতে অনুমতি দেন, তবেই তো ;—নতুবা সব যুক্তি মিছে হ'বে ।

প্রমী। কেন? এ বছর্তো মুতন নয়। আমরা তো বছর্ বছর্ গিয়ে থাকি, তবে রাজা কেন বারণ কর্বেন ? রাজা তো এখনি আস্চেন। এই দেখ, বল্তে বল্তে এলেন।

(রজতগিরি রাজার প্রবেশ।)

মহারাজ, আজি আমরা কমলহ্রদে যা'ব, আপনি অনুমতি কহন। আমরা পূর্ব্ব পূর্ব্ব বৎসরেও সেখানে গিয়ে আমোদ-প্রমোদ করেচি। এমন আশ্চর্য্য কানন ও কুসুমবন, ও মনোহর জলাশয় বোধ হয় আপনকার রজতপর্বতেও নাই!

রাজা। ছহিতে! দেখ মহীতলে মনুষ্যের রাজ্যাধিকার; বিশেষে সেই কমলসাগর পিঙ্গলাধিপতির অধীন, ও তাহার অনুচরের। অনুক্ষণ বনরক্ষা করে। হিংত্রক পশু তথার পুঞ্জ গুঞ্জ। ভূপতির সহিত আমাদের কোন সংত্রব কি সংযুতা নাই। তোমরা অনুঢ়া বালিকা, পাছে কোন বিদ্ন ঘটে,—এই ভয়।

ক্ষণপ্র। মহারাজ ! আপনকার পরাক্রম ভূমওলে প্রচার আছে, দিক্পালেরাও আপনাকে শক্কা করিয়া থাকেন। ভূতলে এমত ভূপতি কে আছে, যে মহারাজের কুমারীদিগকে অবরোধ করিবেক।

রাজা। ভবে কুভূহলে গমন কর। মর্ত্তালোকে অভি সাবধানে থাকিবে, যেন কোন বিদ্ব না ঘটে। ভোমরা অরুঢ়া, ও রূপযোবনসম্পন্না;—ভূতলের রাজারা তোমাদের দৃষ্টিমাত্রে মুগ্ধ হইতে পারে। কেবল এই মাত্র, রাজা বা রাজপুত্রদের আমি শক্ষা করি। দেবগণ তোমাদের রক্ষা করুন!

ক্ষণপ্র। পিডঃ! তবে আমরা প্রণাম করি। আমরা অনতিবিলয়ে প্রত্যাগমন করে মহারাজের শ্রীচরণ দর্শন কর্বো।

রাজা। হউক্!

্রাজার প্রস্থান।

প্রমী। দিদি, তবে সব আয়োজন কর।

ক্ষণপ্র। আর আয়োজন কি? উঠলেই হলো। কিন্তু ভগ্নী লীলার মুখে কথাটি নাই।

প্রমী। সে কোন্কালে কথা কয় ? ভার মুখে কঁখন হাসি দেখেচ ?

লীলা। অন্যবার যাই বটে। কিন্তু এবার আমার মন সরচেনা। কে জানে কেন?

ক্ষণপ্র। চল্ হাস্তে খেল্তে যাচিচ; হাস্তে খেল্তে আস্বো।

লীলা। (নিঃশব্দে) কাঁদতে কাঁদতে আসারও আশ্চর্য্য নেই।

[প্রস্থান।

দ্বিতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

পিঙ্গল-নগর-সন্নিহিত বনমধ্যে প্রক্লইদের তট।
(ক্ষণপ্রভা, প্রমীলা ও লীলা, রাজকুমারীগণের
প্রবেশ।)

ক্ষণপ্র । আহা মরি ! কি মনোহর বন ! অটালিকা ত্যাগ করেও এখানে থাক্তে ইচ্ছা করে ! যেমন সরোবর, তেমনি জল।—কি নির্মাল ! বিধাতা বুঝি নির্জ্জনে বসে এই কমলসাগর নির্মাণ করেছিলেন ! প্রস্ফৃটিভপল্যান্ধে চারি দিক্ আমোদ করেচে । মধুলোভে ঝাঁকে ঝাঁকে অমর এসে গুণ্ গুণ করুচে !— শুন্লে কাণ্ যুড়োয় ! মলয়বাতাসেরও বিশ্রাম নাই ৷ দিবানিশি মন্দ মন্দ বচ্চে ৷ দেখ্ প্রমীলে, এই পক্ষজসরোবরের শোভার এক কণামাত্র রজত-গিরির সমুদায় কুমুমকাননে নাই ! তবে আয় বোন্—আমরা বসনভ্যণ ও কবরীর মুক্তাহার খুলে রেকে হুদে অবগাহন করি ; দূর পথ পর্যাচনে আমার এমন কন্ধ হয়েচে, যে না আন কল্পে গা শীতল হ'বে না ৷ আমরা বিবসনা হয়ে যদি কমলদলের মধ্যে অঙ্গ ঢাকি, তবে এ বনে কে দেখ্যে ৷ এখানে দেবতা—গন্ধ —নাগ—নর,—কাক সঞ্চার নাই ৷

প্রমী। তাবটে। অনিবিড় নীরদের মধ্যে ঈষৎ

প্রকাশিত শরচ্চন্দ্রিমার ন্যায় আমরা একরপ আচ্ছ্র পাক্বো,—তা বটে। কিন্তু দেখ, আমরা অনুঢ়া নবযোবনা, এতে আমাদের মনের স্থুখ নাই! শীতল হ'তে গিয়ে কেবল বিকল হওয়া মাত্র। °আমি যদি না আস্তেম্,—সে বরং ভাল ছিল; ছুটি যে ফুল তুল্বো ভারো যো নেই।

ক্লপপ্র। কেন বলুদেখি?

প্রমীলা। বসস্তে ফুলধনু বিষম জ্বালা দেয়। তায় অবলার ক্ষীণ তনু ভরে সর্বনাই সিউরে উঠে। আর শীতল জীবনে কখনই তাদের প্রাণ শীতল হয় না। জলে যেন কেবল অনল জ্বলে, ছুঁলেই অবলা বিকল হয়। এই যে কাগুণ মাস, এতে কেবল আগুন জ্বল্চে। অনিলে অনলে কিছু ভেদ নাই। আর দাবানল দেখে হরিণী যেমন চঞ্চলা হয়, বসস্তের মলয়ানলও বিরহিণীর পক্ষে তেমনি জান্বে! নিশাকরের শীতল কর যেন হুতাশন লাগে। আর বসন-ভূষণে কেবল বিষধর দংশন কর্চে। লোকে বলে চন্দ্রে অঙ্গ শীতল হয়, কিন্তু সে কেবল কুলালের পণের ন্যার উপরে শীতল, কিন্তু অন্তরে অনল জ্বল্চে।

লীলা। তাবটে;—অবলার স্বামী সহায় না থাক্লে সব শক্র হরে দাঁড়ায়। দেখ অগ্নিতে ও বায়ুতে চিরকালের সখ্যতা, এ সকলেই জানে। কিন্তু প্রদীপ্টী ক্ষীণ বলে বাতাস তা'কেই নির্বাণ করেন। তখন আর সে ভাব থাকেনা।

ক্ষণপ্র। দেখ্, আমরা অনুঢ়া, মাতা পিতার অধীন, তাঁদের মন নাহ'লে আমাদের এ সকল ছঃখু যা'বে না। কিন্তু বিধির ইচ্ছায় যখন বিবাহের ফুল ফুট্বে, তখন তাঁদেরও মন হ'বে। এখন এসো—অবগাহন করি। (সকলের সরোবরে অবরোহণ।) আহা! সরোবরতো নয়, যেন হিম্

(কিয়দ্দুরে স্থধন্বা ব্যাধের প্র**বেশ।**)

সুধন্ব। (চমৎক্ত হইরা বগত) আজু কি শুভক্ষণে পা বাড়িয়ে ছিলেম,—চোকের সাথৃক হলো!—কি অপরপ দর্শন! এমন অপরপ রপসী কন্যা আর কখন চোকে দেখি নাই! কথার বলে দেবকন্যা। যেন পালে পাল মিশিয়ে রয়েচ! মাথার মণি গুলিন যেন ফণিমণি জুল্চে, বোধ হয় পূদ্মিমার চাঁদেও এমন শোভা নাই, এমন আভা নাই; না জানি বিধি এই স্ত্রীরত্ন কার জন্যে গড়েচেন! কিন্তু আমি অজ্ঞান নীচ জাতি, আমার বিবেচনায় হয়, যে নরলোক এদের যোগ্য নয়। আর একবার ভাল কয়ে দেখি। (অস্তঃপটে নিরীক্ষণ করিয়া) আহা! কি রপ! কি অক্ষের জ্যোতি! (অজ্ঞান হইয়া ভূতলে পতন।)

প্রমী। আমার বোধ হয়, এই বনে মনুষ্যের গতিবিধি আছে। নচেত্রকমূলে ধনুর্কাণ কার? কোন মৃগয়ুর হ'বে।

ক্ষণপ্র। তার আকর্ষ্য কি? পিতা মহারাজ বলে-ছিলেন, যে এই বন যৌবনাশ রাজার ব্যাধেরা রক্ষা করে। ইহার কোন কোন ভাগে তাপসদিগেরও কুটীর আছে, এও শুনেচি।

প্রমী। তাপদেরা ধার্মিক অহিংসক লোক। মৃগয়ু ইতর মনুষ্য ৷ তার শকা কি ? স্থানা। (শীতল বায়ু সঞ্চারে সংজ্ঞা প্রাপ্ত ইইরা স্কানুরে বৃক্ষমূলে স্বগত) এই বে দেবকন্যারা—এরা বিধাতার আশ্চর্য্য কীর্ত্তি। বােধ হয় চিত্রকরেরা তুলিতেও এমন লিখতে পারেনা। আমাদের মুবরাজ রাজকুমার আইবড় আছেন। যদি এদের এক্টীকে পাশ্জালে বদ্ধ করে রাজকুমারকে ডালি দিতে পারি, ভবে তাঁর দেহের সার্থক হয়। আর আমিও তা হ'লে এক দিনে বড় মানুষ্ হ'তে পারি। কিন্তু,—এরা দেবকন্যা, আঙ্গের কিরণে চোকে চাইতে পারা ভার, পাছে ভন্ম করে—দেও এক ভয়; তবে সন্মানী ঠাকুর্কে গিয়ে জিজ্ঞান্ করি। তাঁর কুটীর এই বনেই বটে। আর আনেক দ্রেও নয়।

দিতীয় গর্ভাঙ্ক।

পরিত্রাজকের কুদীরের সম্থে।

(সুধরা ব্যাধ ও পরিব্রাজকের প্রবেশ।)

সুধরা। বাবা পরম্হংস! আমি ভজন্পূজন্ জানিনে। জাতিতে ব্যাধ। দূরে থেকে পেন্নাম্ কর্চি। অপরাধ ক্ষমা কর! আমার এক্টা নিবেদন্ আছে।

পরিত্রা। এদাে বাপু, তােমার মঙ্গল হউক ! এই নিবিড় বনে আমার আশ্রমে ভােমার প্রয়ােজন কহ। আর যদিও ব্যান্ত, ভল্লুক, হস্তী, অশ্ব, মৃগ, মহিষ, বরহাদিতে ভােমার ত্রাসমাত্র নাই, ভত্রাচ এই বন অতি ভাষণ ও শক্কা- পূর্ণ বটে। যেহেতুক, দেবতা ও গদ্ধর্ক প্রভৃতির এখানে গতি-বিধি আছে। আমরা তাপদ, তথাচ নিঃশঙ্ক নই।

স্থানা। বাবা যোগিবর্! আমার নিবেদন্ এই, যৌবনাশ রাজার পুত্র যুবরাজ অমিবাহিত আছেন। তাঁহার
বাত্বল্ ভূমওলে অপ্রকাশ নাই। স্থরপা রাজকন্যা অভাবে
বিবাহ হয় নাই, সে জন্যে রাজকুমার মনোত্রংখে আছেন।
সম্প্রতি, এই বনে দেবকন্যারা এসে কমলসরোবরে মান
কচ্চেন। যদি তারি মধ্যে এক্টীকে পাশে বদ্ধ করে রাজকুমারকে ডালি দিতে পারি, তাহ'লে রাজকুমার কিভাথ
হ'বেন; এবং আমারও তুঃখ সুচ্বে। যদি আপনি পেসম্
হয়ে এর উপায় বলে দেন, তবে আমি চিরদিন ঐ চরণে বাঁধা
থাক্বো। (পুনর্কার সাফাক্ষে প্রণাম।)

পরিত্রা। রে ব্যাধ! তাহারা রজতগিরি-রাজের কন্যাগণ, ও অনুচা বটে, রূপে গুণে স্থরনারীদের তুল্য। যুবরাজ সর্বপ্রতারে যোগ্য পাত্র বটে। কিন্তু রজতগিরি-রাজ অত্যন্ত পরাক্রান্ত ও দেবতাদের ন্যায় রণকুশল। রজতগিরিরাজ-নন্দিনীদের মধ্যে কাহাকেও বদ্ধ করিলে ঘার বিগ্রহ উপস্থিত হইবেক; কিন্তু যুবরাজ মানসকটে কালহরণ করিতেছেন, তাহাও বুঝিতেছি। কি করি গু (চিন্তা।)

স্থার। বাবা, ভোমার রূপা ব্যতীত আর কোন উপায় নাই। যোগবলে ভূমি সকলি কত্তে পার। (পুনর্কার মহীতলে পতন।)

পরিরো। (নিঃশব্দে) পরাক্রমে যাহা না হয়, উপায়ে তাহা অবশ্য হইতে পারে । তবে শুন। সুধরা। আছে !

পরিত্রা। আমি তোমাকে এক্রজালিক পাশ অর্পণ করিতেছি। এপাশ নাগপাশের ন্যায় অব্যর্থ। জ্যেষ্ঠা পরিরাজনন্দিনীকে এপাশে বদ্ধ করিয়া যুবরাজকে উপ-ঢোকন দেও। কিন্তু কদাচ ভাহার অঞ্চম্পর্শ করিও না। (পাশ অর্পণ।)

স্থায়। বাবা পারমহংস, আমি কিতাথ হলেম্! আমি অধম কিরাত; — কি স্তব করে তোমাকে তুই কর্বো। কিন্তু বাবা, আমার মনে এক্টা সন্দে। হচ্চে, পাছে ফাঁদ্ ছিড়ে চাঁদ্ পালায়।

পরিত্রা। আরে নির্কোধ!—দে আশক্কা নাই। এ ভোজ-রাজার বিদ্যা। দেবতা, গন্ধর্ক, যক্ষ, রক্ষ, নাগ, নর,—কেহই এ পাশ ছেদন করে মুক্ত হ'তে পারে না।

িপ্রস্থান।

স্থয়। যে আছে। তবে পেন্নাম হই। বোধ হয়,
আমার আজ্থেকেই পশুবধব্যব্সা মুচ্লো। (সানন্দে)
ঘরে গিয়েই তো আজ্ কাঞ্চনীকে গ্রনা গড়িয়ে দেবা।
সোণার বালা, সোণার নত্, তাবিজ্, পঁইচে, পাঁচ্নরী, মল,
চন্দোর হার;—আর কাপড় যা দেবো তার তো আর কথাই
নেই;—এমন সৰু –যেন আছে কি নেই।

ি গান করিতে করিতে প্রস্থান।

তৃতীয় গর্ভাঙ্ক।

পকজ-হ্রদের তট।

(সুধয়। ব্যাধ ও স্নাতা রাজনন্দিনীগণের প্রবেশ।)

স্থানা থ বড়টীই আমার মনের মতন,—ওকেই ধরি।
যদি যুবরাজের কপালে থাকে, তবেই ধরা পড়বে। আহা!
থমন সোণার চাঁদ্ মেয়ে আর হ'বে না। (ঐন্দ্রজালিক পাশ
ত্যাগ করে) ইস্!—বেটার বাণের কি শক্তি! নাগপাশতো নাগপাশিই বটে! সোঁ—সোঁ।—করে যাচ্চে।

ক্ষণপ্র। (পাশে বদ্ধ হইয়া সভয়ে) হাঁলো!—প্রমীলে, লীলে, একি হলো? হঠাত্ আমার হাত্ পা ভার্লো কেন? ওমা! একি!

সুধনা। (সহর্ষে স্বগত) এই তো ধনি, আর কোথা যাও!—এই তো ধনি, আর কোথা যাও! (সানন্দৈ নৃত্যা)

ক্ষণপ্রা ও বোন্! সর্কনাশ হলো! আমি মরি!— ধর্ধর! আমাকে কে যেন উপার দিকে টান্চে। আমার হাত্পাবদ্ধ হয়েচে। ও মা, এ কি হলো! (সভয়ে প্রমীলা ও লীলার তটে আরোহণ।)

প্রমীলা, লীলা। দিদি, উপরে এক্টা মানুষ রয়েচে। সেই কি গুণ করেচে। উপরে উঠ উঠ !—শীগ্গির উঠ—
আমরা আর দাঁড়াতে পারিনে!

ি সভয়ে প্রস্থান।

ক্ষণপ্র। এ কি বিপদ্! ভগ্নীরাও তো দেখ্টি কেলে পলালো। প্রাণের ভয় সকলকার সমান। গেল গেল,—যাক্! আমার কপালে যা আছে হ'বে। মাগো,—কি টান্টে! (পাশবদ্ধ রাজকুমারা তটে নীত হন।)

স্থার। দেবি! আর খেদ্ করোনা। তুমি এখন যা বিপত্তি জ্ঞান কর্চো, সেই তোমার সম্পত্তির কারণ হ'বে। বাধ হয় তোমার শুভ দিন উদর হয়েচে। আমাদের যুব-রাজের যশ জমুদ্বীপে খ্যাত আছে। তিনি আদ্যাপি অবিবাহিত থাকার বড় মনের ছঃখে আছেন। তোমার অপরপারপার দেখ্লে তিনি তোমাকে বিয়ে করবেন,—আমার বেশ্ মনে নাগ্চে। অতএব আর বিলম্ব না করে আমার সঙ্গে আছন, যে আমি আপনাকে নিয়ে গিয়ে যুবরাজকে তালি দেই; এবং আমারো শুনা সফল হোক্।

ক্ষণপ্র। রে ব্যাধ! যদি তোর অর্থের অভিলাষ থাকে, তা বল্, আমি তোর দরিদ্রতা ভঞ্জন করি, ও তুই আমাকে বন্ধন হ'তে মুক্ত কর। এই রত্নমর হার ও মুক্তার ভার তোকে দিচ্চি, চির দিন স্থেথাক্বি। দেখ, আমি রক্ষত-গিরিরাজনদিনী, ও দেবযোনি বিশেষ। মনুষ্যস্বামী আমাদের যোগ্য নহে। এরপ পরিণয়ের প্রস্তাব অনুচিত। আমার কথা শোন্। তুই দীন হীন কিরাত্ জ্বাতি, এই মণিময় অভরণপুঞ্জ লয়ে আমাকে বন্ধন হ'তে মুক্ত করে দে। আর এ যদি না শুনিস্, তবে অসীম পরি-সৈন্য এসে তোর রাজ্বার রাজ্য একেবারে ছারখার করে দেবে।

स्थवा। (नित, आमात (नाय क्रमा कत, आमि आर्थत

প্রামান নই। কেবল রাজার ও রাজ্যের কুশল চিন্তে করি।

যুবরাজ মহিষী বিনা মনোত্রংখে আছেন। যদি আমাহ'তে
তাঁর এ ত্রংখ দূর হয়, তবে এহ'তে আর গৌরব কি হ'তে
পারে। আমি কিরাত্ জাতি, মণিময় হার ও রত্নভার
বিধাতা আমাদের জন্যে সুজন করেন নাই। সেই যুবরাজকে যদি আপনি এক বার স্থ-নয়নে দৃষ্টি করেন, তবে এই
বন্ধনের খেদ্ একেবারে দূর হ'বে। রাজকুমার অখিনীকুমার বিশেষ, আর আপনি দেবকন্যা,;—এ রাজযোটক
হ'বে।

ক্ষণপ্র । (স্থাত) এব্যক্তি অধম কিরাত্। কিরপে একেবারে বিশ্বাস কর্বো তা বুঝ্চিনে। তবে হংসের কথার প্রত্যায় করে নল রাজা রমণী-রতন লাভ করেছিলেন, সেই রূপে ব্যাধের মধ্যবর্ত্তিতার আমারও অদৃষ্ট প্রসন্ম হওনের অসম্ভব কি আছে। রে ব্যাধ! তবে তোর মনে যা আছে কর্। রাজকুমার আমার অনভিমতে আমাকে সহধর্মিণী কর্বেন না এ আমার বেশ্বোধ আছে। আমার যে কথা আছে সেই খানেই বল্বো। বিনয় বচনে তোকে আর্দ্র করা, আর মঞ্ভূমিতে বারি সিঞ্চন করা, ছই সমান।

সুধরা। এখন বুঝেচ, তবে পথে এসো।

িউভয়ের প্রস্থান।

চতুথ গভাঙ্ক।



পিঙ্গল নগর-রাজভবন !

(যুবরাজের প্রবেশ।)

যুব। (স্বগত) যা'কে একবার মাত্র স্বপ্নে দেখে আমি এরপ ব্যাকুল হয়েচি, সেই কন্যাটির সঙ্গে মিলন হ'লে আমার মনের যে কি ভাব হ'বে,—তা আমি এখন ভেবে স্থির কত্তে পাচ্চিনে। হয়তো উন্মাদ হবো, নয় তো মনের বৈক্লব্য দূর হ'বে। জনশ্রুতি এই রূপ, যে স্থান্না ব্যাধ ঐক্রজালিক বিদ্যাবলে সেই রজত-গিরিরাজনন্দিনীকে হরণ করেচে, ও আমাকে উপঢোকন দেবে। কি অসম্ভব! ভবেতো এ কথাও প্রত্যায় কর্তে হ'বে। দেখি, পারিষদেরা এসে কি বলে।

(কশ্চিৎ পারিষদের প্রবেশ।)

তবে সমাচার কি বল ?

পারি। যা শুনেচেন সবই সভ্যা স্থান্বা ব্যাধের আৰু হর্য্য কৌশল বটে।

যুব। কেমন!

পারি। বৃত্তান্ত এই। রজত-গিরিরাজের তিন কন্যা কমলসরোবরে মান কত্তে এসেছিল। মুধনা ব্যাধ শিকা-রের জন্যে দৈবযোগে সেই বনে গিয়ে পরিরাজনন্দিনীদের দেখে পরিত্রাজকের সাহায্যে ঐন্দ্রজালিক বিদ্যাপ্রতাবে ফণপ্রতানামে যে কন্যা-—তা'কে হরণ করে এনেচে। রাজ- কন্যা অদৃষ্টপূর্কা রপদী ও তকণযোবনা। এমন অলেপিক রপলাবণ্য বোধ হয় দেবলোকেরও তুর্লভ!

যুব। তবে বোধ হয়, প্রজাপতি এত দিনে আমার প্রতি প্রসন্ন হ'লেন। আমি যা'কে স্বপ্নে দেখে নিজা ভঙ্গে বিলাপ করেচি, আজি সেই পূর্ন শশী আমার মন্দিরে উদয় হ'বে। কিন্তু একেবারে এত সোভাগ্যের কথা সত্য জ্ঞান হয় না। হ'তেও পারে। একে আ'সে ?

(কশ্চিৎ দূতের প্রবেশ।)

কও,—সমাচার কি ?

দৃত। যুবরাজ, স্থধা ব্যাধ পরিরাজকুমারীকে সঙ্গে লয়ে দারে উপস্থিত। আজে হ'লে আস্বে।

যুবরাজ। লয়ে এসো।

দিতের প্রস্থান।

ভবে সকলি সভ্য । পরিরাজকুমারীকে পৃথক্ আসন দাও। (ক্ষণপ্রভা ও সুধয়ার প্রবেশ।)

(স্বগত) যাবলেচে সবই সত্য। এ কন্যা দেবলোকেরও তুর্লভ বটে। আহামরি! কি অপরূপ রূপ লাবণ্য! যেন মেঘ-মাল। হ'তে অকস্মাতৃ শরচ্চন্দ্রিয়ার প্রকাশ হলো!

স্থস্বা। যুবরাজ, কমলসরোবরে এই সোণার প্রতিমে পেয়ে আপনাকে ডালি দিচ্চি। দৃষ্টি প্রসাদ হ'লেই আমার শ্রম সফল হয়।

যুবরাজ। হউক! আমি সাদরে তোমার অমূল্য উপ-হার গ্রহণ কল্লেম্। তোমার পারিতোষিক লও। (স্বর্ণাভরণ ওবস্তাদি প্রদান।)

সুধনা। আমি কিতাখ হলেম্!

প্রস্থান।

ক্ষণপ্র । (স্বগত।) কি কমনীয় রূপ। প্রস্কৃতিত খেত্কুস্নের ন্যায় কান্তিযুক্ত কলেবর! মর্ত্তালোকে অখিনী-কুমার বিশেষ! ব্যাধ্যা বলেচে সবই সত্যি। যদি চোকে দেখে স্বামী কত্তে হয়, তবে এই রাজকুমারই তার যোগ্য। এবং দেবকন্যাদেরও এরপ স্বামী পুরস্কার বিশেষ।

যুব। কল্যাণি! চিস্তাদূর করিয়া আসন এহণ কর।
ক্ষণপ্র। যুবরাজ, রূপা করে আমাকে মুক্তিদান কর, যে
দেবলোকে ভোমার অতুল যশ হ'বে। আমি দৈব বিপাকে
ব্যাধের হাতে পড়ে বিপদ্এন্ত হয়েচি। আমি রজতগিরিরাজার কন্যা।

যুব। পরিরাজকুমারি! আমার পূর্ব্ব জন্মের স্থকতিতে তোমা তুল্য জ্রীরত্ব লাভ করেচি। বিশেষতঃ তোমার
অলৌকিক রূপলাবণ্যে আমি এমন মুগ্ধ হয়েচি, যে তোমার
বিচ্চেদের কথা আমার হৃদয়ে শক্তিশেলের ন্যায় বাজ্লো।
অতএব সরোজিনি, প্রসন্না হও। আর আমার সহধর্মিণী
হ'বে এমন আখাস দিয়ে আমার জীবন দান কর। অখণ্ড
বিধুমণ্ডল জিনিয়া তোমার মুখমণ্ডলের জ্যোতিতে মলিন
শশাক্ষ নীরদের মধ্যে অঙ্ক আচ্ছাদন করচেন। এমন মোহিনী
নারী নিকটে পেয়ে কে ত্যাগ করে বল?

ক্ষণপ্র। রাজকুমার! তোমার ঐকান্তিক অভিলাষ তোমার কথার দারা বেশ্জান্তি। কিন্তু পিতা রজতগিরি-রাজের অনভিমতে আমি তোমাকে কি রূপে পতিত্বে বরণ কর্বো। বিশেষতঃ দেবলোকে ও নরলোকে পরিণয়ের বিধি নাই। তবে যদি পিতা মহারাজের অভিমত হয়, তবে আমি অঙ্গীকার কর্চি যে রজতিগিরি-রাজ্য হ'তে পুনর্কার এসে তোমার পাণিগ্রহণ কর্বেঃ।

যুব। ভোষার বিচ্ছেদানলে দক্ষ হয়ে যদি এখন প্রাণভ্যাগ করি, তবে ভোষার ভাবী মিলনে আমার প্রাণদান কত্তে পারে না। তুমি সরলা নারীজাতি, যদি এতেও ভোষার হৃদয়ে দয়ার উদ্রেক না হয়, তবে রুঝ্বো যে ভোষার মন বিধি পাষাণে নির্মাণ করেচেন।

ক্ষণপ্র। কি করি? (অধোবদনে চিন্তা।)

যুব। তোমার অদর্শনে আমি একেবারে হতাশ হবো। অতএব আমি ভোমার নিকটে প্রাণ সমর্পণ কল্লেম। স্থ-নয়নে শুভ দৃষ্টি কর।

ক্ষণপ্র । তবে আমি তোমাকে অক্তার্থ করবোনা। এতে অদৃষ্টে যা থাকুক্। গান্ধর্ব মতে বিবাহ কর। আমি তোমাকে মানসে বরণ কর্লেম্। (ধরাবনত হইয়া প্রণাম।)

যুব। রাজকুমারি! আমি কৃতার্থ হলেম্।
(নেপথ্যে সঙ্গীত ও বাদ্যোদ্যম।)

প্রস্থান।

পঞ্ম গর্ভাঙ্ক।

পিঙ্গল-নগর— সুধন্বা ব্যাধের ক্টার।

(সুধরার প্রবেশ।)

সুধ। ওলো কাঞ্চি। কালি চুণি। কোথালো १— শীগুগির আয়।

নেপথ্যে। কি রে পোড়ারমুকো।—এদেচিস্ ?

(কাঞ্চনীর প্রবেশ।)

কাঞ্চ। আজি ষে ভোর বড় হাসি খুসি দেখ্চি। কথাটা কি? এসব কি এনেচিস ?

স্থ। আজ থেকে আমাদের ছঃ খু ঘুচ্লো, — দেখচিস্
কি?

কাঞ্চ। কেমন কোরে?

স্থ । রাজকুমার আমাকে অনেক ধন কড়ি, গয়নাগঁ।টি, ও ভাল ভাল কাপড়্দিয়েচ্ন।

কাঞ্চা কেন?

প্রধ। তা বল্চি। কমলসরোবরে পরিরাজকুমারী তিন্দী স্থান কত্তে এসেছিল, তারি বড়দীকে ধরে আমাদের রাজকুমার তুই হয়ে আমাকে এই সকল শিরোপা দিলেন্। এমন কখন দেখেচিস্

প্রভালক্ষারাদি প্রদর্শন ।)

কাঞ্চ। তাতো বুঝলেম্। এখন কার মেয়ে এনে কা'কে দিলি, পোড়ারমুকো,—তুই যে শূলে যাবি।

স্থধ। তা আমি বুঝ্বো। তোর এত দায় নেই। রাজার মেয়ে এনে রাজাকে দিয়েচি,—তা'র এত ভাব্না কি ? তুই আমার চেয়ে কিছু দর্বার বুঝিস্?

কাঞ্চ। না, তোর তো জন্মটাই দরবারে গোল। দর্বার কা'কে বলে জানিস ?—কালো কি গোরো, লম্বা কি খাটো।

প্থ। না জানি ভোর কাছে শিক্রো। নে এখন গরনাগাঁটী পর্। কাপড় পর;—পোরে গাঁরের ভিতর বেড়িয়ে আয়—য়ে আবাগীরা দেখুক্ যে কাঞ্নী কেমন রূপের ডালি। তোকে দেখুলেই বেটিরে সিউরে উঠ্বে। আর আপ্সে তাপ্সে মোর্বে যে কেন আমরা স্থধনার জ্রী হলেম না। দেখিস্ এখন কত মেয়ে ভোর সভিন্ হ'তে চা'বে।

কাঞ্চ। তা তোবটেই। এমন স্থতো আর কোথাও নাই। তোর স্ত্রী হওয়া বড় ভাগ্যির কন্ম।

স্থা। সে তোমিছে নয়। একেবারে এত গয়ন। কে দিতে পারে? দেখ দেখি সাড়িটার কেমন বাহার,—যেন আছে কি নেই। তুই এ পোর্লে কে বল্বে যে কাপড়্ পোরেচিস্। নে নে গয়না পর্, কাপড়্পর, আমি দেখি।

কাঞ্চ আমি কি জানি কোন্খানে কি পত্তে হয়? ভবে যেমন জানি পোরি। (বস্ত্রালক্ষার পরিধান।)

স্থ । বেশ্ হয়েচে! এই বামা মাদী আ দিচে।
(বামা বৈষ্ণবীর প্রবেশ।)

वामा। ওলো কাঞ্চি । जूरे नाकि व्यक्तक मानात गन्ना পেরেচিস্? এই যে পোরেচিস্ দেখ্চি। বেশ্—বেশ্। আহা! হরি তোদের ভাল কর্ন! ছুঁড়ির যেমন রূপ, তা'তে পাঁচ খানা সোণা দানা না হ'লে কি ভাল দেখায়। ছুঁড়ির কি কেশ। —কেশ তো নয় যেন বেশ।

স্থা মাসি, দেখতো, ছুঁড়িটা গয়নাগুলা ঠিক্লাগিয়েচে কি না।

वामा। (উভরায় शामा পূর্বক) ওলো-কাঞ্চনি, এ কি কোরে চিন্। — পাঁচনরি পায়ে, গোলমল গালায়, সব উলটে। পাল্টা হয়েচে যে। খোল্ খোল্। আমি দেখিয়ে দিচ্চি।

স্থ। দেখ্ মাসি, আমি ওকে কত বার বল্লেম্ যে পাঁচ-নলিটা কোমরে পর, তরু ও ঐ পায়ে পল্লো।

বামা। আরে হতভাগা, পাঁচনরি কি কোমরে পারে ? সে গলার অভরণ—গলায় পারে। তুই যেমন গুরু, ও তেমনি চেলা।

স্থ । মাসি, সে আছে। বলেছো। ছুঁড়ি ভারী মগ্রা। দেখ দেখি, এখন কেমন দেখাচেচ।

কাঞ্চ পোড়ার মুকো!—তুই দেখ্। তুই যে বল্লি আমি সব পরাতে জানি।

বামা। হরির কি ইচ্ছে, কাঞ্চনি লো! ভোর যেমন আনেক দিন থেকে সাধ ছিল, যে নীচজেতের ঘরে ক্ষ যেমন তোকে কিছু রূপ দিয়েচেন, তেমনি দশখানা সোণা দানা হ'লে সে রূপের আরো ছটা বেরয়, হরি এত দিনে তোর সে সাধ পুরালেন। আহা! পাক্মারায় যা করে, হয়তো তালুকদারে তা পারে না। সকলি ক্ষের ইচ্ছে। কি ছোট, কি বড়, কি ছংখী, কি ধনী,—সকল ঘরেই মেয়ে জেতের সভাব সমান। দশখানা সোণা দানা, জড় জড়াও, হীরে

মুক্ত পর্বো,—সকল মেয়েরি সাগ। দেখ, আমি ছেলে বেলা রাঁড হয়েচি,—কোন সুখই জানিনে, তবু গলায় এক ছডা সোণার দানা পরেছি, ও ইচ্ছে হচ্চে যদি আরো এক নর বাড়ে, কি আর একটু মোটা দানঃ হয়, তো আরো ভাল হয়। দিনের মধ্যে দশবার দেই দানাকে মাজি ঘবি, ও পথে যা'বার সময় কাপড় খানা এট্ট নোলু করে পরি,যে সেখানুডা ঢাকা না পড়ে,—অত্থাত কি না দানা ছড়াটা বেশু দেখ। যায়। আর ভদরের কাপড গায়ে থাকে না, ভা'ভেও এটটু স্থবিধে বোলতে হ'বে। কিন্তু যা'র দশখানা অঙ্গে আছে, সেই সোণা মেয়ে ভাগ্যিবতি, ঘরের লক্ষ্মী। আর যা'র কিছু নাই, দে মাগী আলক্ষী ও ঘরের বালাই। আর মেয়ে জেতেরো বলি,—সোণা পোরে আশ্মেটে না। যদি স্মেরু পর্বতের চুড়ো ভেকে এনে মেয়ে মারুষের থোঁপায় বেঁধে দাও, তরু ঘাড় ভাঙলেও বোলবে না যে লাগ্চে, কারণ দে যে সোণা,— চিক চিক করে। কাপড়্যত দামী ছোক, যদি সৰু না হয় তবেই সর্কনাশ,—অম্নি মুখ বেঁকলো৷ কাপড় অঙ্গে আছে কি নেই, এমন নাহ'লে সে কাপড়ই নয় ৷ হোক্ তা যখনকার যেমন, এ বলে কি পোর্বে না ? মেয়ের কোন্ খান্ডা বা বল্বো। হাঃ কৃষ্ণ আহা!—ভোরা স্থে থাক্। কাঞ্চনি, আমি চললেম্।

স্থ। মাসি, আমি ভোকে শিকার করে এনে দেবো, খাবি?

বামা। দূর হতভাগা। আমি একে বিধবা, ভায় বৈঞ্বী। আমি কি মাচ্মাংস খাই রে ? (মৃদ্রুররে) তবে হরিণমাস্লোকে বলে শুদ্ধ। খেলেও ক্ষতি নেই। যা হয় কোরিস্। আর কাকুই বোলিস্নে যেন, যে বামা মাসী এ খায়, বামা মাসী সে খায়। ক্রেমে সকলি চলন হ'বে। হয়েচে কি না তাই বা কে জানে। ক্ষণ ক্ষণ ! আমি এখন চললেম।

[প্রস্থান।

স্থ। দেখ দেখি, এখন তোকে কেমন দেখাছে। এখন তোর ছিরি খানি যেন ''আহা মরি"।

এত দিনে কাঞ্চনী লো হোলি রূপের ডালি।
মাথায় কোরে রাখ্বো তোরে মুচ্বে মনের কালি॥
আপ্সে তাপ্সে মর্বে ফেটে দেখ্বে যারা তোকে।
ডাক্লে ফিরে নাহি চাব মর্বে তারা শোকে॥

(সানন্দে স্ত্রীকে প্রদক্ষিণ পূর্কক নৃত্য।)

নেপথ্যে সঙ্গীত।

রাণিণী বাণেশরী — ভাল আড়া।
এত দিনে কিরাতিনী মনোরমা হইল।
কন্দর্পের ফাঁস লয়ে বন মাঝে রহিল॥
বসন্তে প্রফুল ফুল, লোভে ধায় অলিকুল,
গন্ধে আমোদিত বন মুনিমন টলিল॥

[প্রস্থান।

* কিম্বা

(দেখেবে চেয়ে যত মেয়ে শোকে অক্টালি।

আহ্লাদেতে <u>নাচ্বো আ</u>মি দিয়ে করতালি।

তৃতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

রজতগিরিরাজপুর।

(প্রমীলা ও লীলার প্রবেশ।)

প্রমী। দেখ, লীলে, কতদিন হয়ে গেল আমরা এসেচি, তরুরাজাকে জানান হলোনা, যে কণপ্রভার অদ্যেষ্ঠ যা ঘটেচে। এর পর আমরা সকলে দোষী হবো। একথা ভাল নয়, বুঝে দেখু।

লীলা। তাতোবটে। আহা! আর কি আমরা ক্ষণ-প্রভাকে দেখ্তে পাবো। তুই রাজার ভয়ে কাতর হোচ্চিদ, ভগ্নীর স্নেহে আমার প্রাণ কাঁদ্চে।

প্রমী। ভোমরা যতই বলু, কিন্তু আমার মনে লাগ্চে না যে ক্ষণপ্রভা আরে আস্বে না। সে যা হোক্ চল, এখন গিয়ে রাজাকে বলি যা যা হয়েচে। সভ্যি কথা বলাই ভাল, ভার পর যার ভাগ্যে যা থাক্।

(দমনিকার প্রবেশ।)

এই মুক্গোম্ড়া মাগী আস্চে ! ওর মুক্ দেখ্লেই আমার ভয় হয় যে একটা না একটা মন্দ খবর আন্চে; যেন আঙ্গারের নৌকো ডুবেই রয়েচে।

দম। তোরা আমার কথা কি বল্ছিলি – বল্তো ভানি ?

প্রমী। না এমন কিছু বলি নাই, তবে এই বল্ছিলেম যে মাগীর মুক্টো সর্মনাই বিরস,—যেন পোড়ার মুক পুড়েই রয়েচে।

দম। তবে আর কি না বোলেচিস্? অমনি কোরে একটা বোন গেল। গেল তা ভালটাই গেল। ুবিধেতার কি বৃদ্ধি!—বেচে বেচে নিলে।

প্রমী। গেল কোথা? তুই তো ভূত ভবিষ্যত্ সব জানিস্—বল্না।

দম। চুপ্কর গো লক্ষীরে, রাজা আস্চেন। মেয়ে ভোনন্,—যেন এক একটী স্থলোচনা ঠাক্কণ্।

(রাজার প্রবেশ।)

রাজা। কহ কন্যাগণ, ক্ষণপ্রভা কোথায় ? ভোমরা সকলে এলে, সে কোথা রইলো? আর এ পর্য্যস্ত এক কথাও আমাকে জানালে না যে ভা'র কি হয়েচে। ভোমাদের বিলক্ষণ ভগ্নীক্ষেহ বটে।

প্রমী। মহারাজ, আমরা মনোহঃখে আপনাকে জানাই নাই। ভগ্নী ক্ষণপ্রভা বড় বিপদে পড়েচেন। এসে দমনি-কাকে বলিচি।

রাজা। দমনিকা আমাকে এক কথাও বলে নাই। অন্তঃ-পুরের মধ্যে কি হয়, তাতো আমার জানা উচিত। এখন কি হয়েচে তাবল।

প্রমী। যা হয়েচে সব্বল্চি। আমাদের দোষ থাকে মার্জ্জনা কোর্বেন। আমরা আপনকার অনুমতি পেয়ে যৌবনাশ্ব রাজার অধিকারে মর্ত্যলোকে যে অতিবড় বিস্তীর্ণ ও নিবিড বন আছে, সেখানে গিয়ে মনোহর কমলসরোবরে স্থান কততে নাবলেম; তা'র কিঞ্চিৎক্ষণ পরে, ক্ষণপ্রভা অকমাৎ কি পীডা হয়ে আমাদের ডেকে বললে, যে " আমার হাত পা ভেরেচে, আর কে যেন আমাকে টান্চে"। আমরা সকলে ভয় পেয়ে ডেঙ্গায় উঠে পড লেম; সেই সময় দেখলেম, যে এক জন কিরাত তীর-ধনু হাতে করে রয়েচে। দেখতে দেখতে ক্ষণপ্রভাকে টেনে উপরে তুল্লে। আমরা তাই দেখে তালে পালিয়ে এলেম। বোধ হয়, যে ঐ ব্যাধ ইন্দ্রজাল বিদ্যাবলে ক্ষণপ্রভাকে বদ্ধ করেছিল। তা'র পর নিয়ে গিয়ে অধিশ্যি তা'র দেশের রাজাকে, কি রাজকুমারকে, উপহার দিয়ে থাকবে। আমাদের বস্ত্রালক্কার সকলি সরোবরের ভর্টে পডে রইলো। প্রাণের ভয়ে আমরা আর দে দকল কিছ দেখতে পাললেম না। আমরা অবলা, মহারাজের কন্যা হয়েও ভিন্নাধিকারে সহসা কোন বল প্রকাশ কততে পার-লেম না৷ তা হ'লে হয় তো তিনজনেই একেবারে বদ্ধ হতেম। ক্ষণপ্রভা অনেক কাকুতি মিনতি কততে লাগুলো, তা ভানে আমরা বড় কাতর হলেম। কিন্তু কিছু কত্তে পাল্লেম না, ও কিরাত আর্দ্র হলো না।

রাজা। ভাল, সে বনে কোন তপস্বী আছে?

थमी। थाक्रल थाक्र शारत, किन्त आमता काकूहे एमथि नाहे।

রাজা। আমি তথনি তোমাদের বলেছিলেম, যে মর্ত্য-লোকে অনেক বিদ্ন আছে; কিন্তু তোমরা তথন সে কথার কিছু গোরব কল্লে না। তা'র ফল এই হলো, যে মেরেটা বিপাকে পড়ে মারা গোল; আর তা'র জন্যে যুদ্ধও ঘটলো। যেহেতুক বিনা যুদ্ধে আমি ক্ষাস্ত হ'তে পারিনে। (রাজার অধােমুখে চিন্তা।) দমনিকা কোথার?

দম। মহারাজ, এই যে আছি।

রাজা। ভূত ভবিষাত্ তোমার অগোচর নাই। ডুমি গণে দেখ রাজকুমারী ক্ষণপ্রভা আছে কি নাই।

দম। যে আছে। (গণনা করিয়া) মহারাজ, ক্ষণপ্রভা ভূলোকে যৌবনাশ রাজার অন্তঃপুরে আছে,—কিঞ্ছিৎকাল পাঁনৈ মুক্ত হ'বে।

রাজা। তবে তোমরা এখন অপর প্রকোষ্ঠে যাও, আমি মন্ত্রীর সঙ্গে একটা পরামর্শ করি।

দম। যে আপ্তেত।

প্রমীলা, লীলা ও দমনিকার প্রস্থান। রাজা। অরে, কে আছিন্!—মন্ত্রীকে ডাক্। নেপথ্যে যে আছে।

রাজা ৷ (স্বগত) একে নারীবৃদ্ধি, তায় বালিকা, কিছুই বোধ নাই, তবে তা'দের সঙ্গে কিছু দৈন্য না দেওয়াই সত্ পরামর্শ হয় নাই ৷ যা হয়েছে এখন তা'র অনুশোচ করা বৃংণা !

(মন্ত্রীর প্রবেশ।)

রাজা। যা হয়েচে ওনেচ তো?

মন্ত্রী। মহারাজের প্রমুখাৎ না শুনি, কিন্তু পরম্পারা সব শুনেচি। আমরা পূর্কে জান্তে পার্লে রাজ্কুমারীদের গমন নিবারণ কত্তেম। রাজা। এখন কর্ত্তব্য কি ? রাজকুমারী যৌবনাশ্ব রাজার পুরীতে বন্ধ আছেন।

মন্ত্রী। সম্ভব বটে। আমার বোধ হয়, যে বিনা মুদ্ধে কণপ্রভার উদ্ধার হ'বে না। কিন্তু সমুখে বর্ষা, সম্প্রতি উপত্যকাবাসী অধীন রাজাদিগকে আদেশ করা যাক্, যে তাহারা সদৈন্য যোবনাশ রাজার রাজ্যের প্রান্তভাগ আক্রনণ করক। যোবনাশ রাজার দৈন্য ক্ষয় হ'তে রাজাপরাজয় হ'বে, নতুবা শীতের আরম্ভে আমরা গিয়ে তা'র রাজধানী একেবারে আক্রমণ কর্বো।

রাজা। হউক। এই সত্পরামর্শ বর্টে। তবে সম্বর্ত্তি অধীন রাজাদিগকে সংবাদ কর। আর ইতিমধ্যে ভাবী সংগ্রামের যে সমস্ত আয়োজন কর্ত্তব্য, তাহাতেও উদ্যোগী হও।

মন্ত্ৰী। যে আছে।

[উভয়ের প্রস্থান।

দিতীয় গভাঙ্ক।

পিঙ্গল-রাজধানীর অন্তঃপুর।

(রাজকুমার ও ক্ষণপ্রভার প্রবেশ।)

রাজকু। লোকে বলে বিবাহের জল পেলে মেয়েদের এ কেরে, কিন্তু প্রিয়ে, ভূমি দিন দিন কেন ক্ষীণ ও মলিন क्र्रा १ - ভোমার विधूवनत आत म जा कि पिथि त।

ক্ষণপ্র । স্বামিন্, আমি সদাই তুঃস্থা দেখ্চি, যেন পিতা রজতগিরি-রাজ আমার প্রতি কোপ করেচেন, থেকে থেকে আমার ডান্ অক স্থান্দন কচেচ, ডান্ চোক্ নাচেচ, আর প্রাণ যেন কেঁদে কেঁদে উঠ্চে;—এটা ভারী অলক্ষণ, ও তাই ভেবে ভেবে আমি মলিন হচিচ । নচেৎ স্বামী-সহ-বাসে প্রস্থান্তাগে অ্টালিকার মধ্যে কোন্ নারী অপ্রফুল্ল হয় ?

রাজকু। তা বটে, কিন্তু জীবিতেশ্বরি, ছকিন্তা ত্যাগ কর্মা পিতা কোপ কল্লে কন্যার ত্রাস জন্মে বটে, কিন্তু যৌবন-কালে ভর্তাই তো নারীর রক্ষক হন; তবেত আমি বিদ্যমানে মর্ত্তালোকে তোমার কোন ভয়েরি কারণ নাই।

ক্ষণপ্র। যদি কপালক্রমে তোমাকেই হারাই, তাই বা কে বল্তে পারে। আর যদি এমন কিছু তুর্দিব না হ'বে, তবে আমিই বা কেন এমন বিষয় হচ্চি ?— দাধ কোরে কে অনুখী হয় ?

(কাচিত্ পরিচারিকার প্রবেশ।)

রাজকু৷ সমাচার কি ?

পরিচা। মহারাজ আপনাকে ডাক্চেন। রুদ্ধ মন্ত্রী প্রভৃতি অনেকে সভাতে বসে আছেন, কোন গুরুতর বিষ-য়ের নাকি পরামর্শ আছে।

রাজকু। বল গিয়ে আসুচি।

পরিচারিকার প্রস্থান।

কি বিষয়ের পরামর্শ, আমি বুঝ্তে পাচ্চিনে; তবে পরম্পরা এই কথা শুন্চি, যে উপত্যকাবাদী রাজারা নাকি
মামাদের রাজ্যের প্রাস্তভাগ আক্রমণ করেচে। ভা'রা বোধ
হয়——

(

ক্ষণপ্র । রজতগিরি-রাজের অধীন। তুমি নিশ্চর জান্বে যে পিতার অভিপ্রায় ভিন্ন ঐ সকল রাজাদের হঠাৎ যুদ্ধে প্রবৃত্ত হ'বার কোন স্বার্থ নাই।

রাজকু। তবে বোধ হচে আমাকেই বা যুদ্ধে যেতে হয়। প্রিয়ে ! শক্ষা ত্যাগ কর। যথন রাজমহিষী হয়েচ, তখন সংগ্রামে শক্ষা করা ভোমার পদের অযোগ্য। আমি ওনে এসে বলচি।

ক্ষণপ্র। সমরে আমার শক্কা নাই। পাছে তোমার বিচ্ছেদে মরি,—এইমাত্র ভয়। তবে এসো।

[রাজকুমারের প্রস্থান।

বোধ হয় আমারি কপাল ভাঙ্বে; মন্দটা মন আগেই জানতে পারে। পুৰুষেরা তা বোঝে না। সার কথা এই যে রজতিগিরিরাজের কন্যাকে হরণ কোরে নির্বিদ্ধে থাকা,—সে, নিভান্ত অসম্ভব।

প্রস্থান।

তৃতীয় গর্ভাঙ্ক।



পিঙ্গল নগর — রাজভবন।

(तांका, मञ्जी, यूपतांक, शातियनगरनत अस्तिन।)

রাজা। আমরা সম্প্রতি এই সম্বাদ পেয়েচি যে আমাদের রাজ্যের সীমান্তে উপত্যকাবাসী যে সকল রাজারা বাস
করে, তা'রা আমাদের রাজ্যের প্রান্তভাগ আক্রমণ কোরে
হিয়ুদ্ধেশ অধিকার করেচে। তা'দের সত্বরে দমন করা অতি
আবেশ্যক। অতএব পুত্র, তুমি সদৈন্য অগোণে তথায় গিয়ে
অরিসৈন্য সমরে সংহার কর। তোমার অনির্বহনীয়
বাত্বল ও রণ-কোশল জমুদ্বীপে বিখ্যাত আছে, প্রাচীন
সেনাপতিগণ যাদের বিক্রম তোমার অবিদিত নাই, তা'রা
তোমার সহকারী হ'বে, তবে সত্বর হও।

যুব। মহারাজ। আপনকার আজ্ঞা আমি শিরোধার্য্য কল্লেম। আয়োজন হ'বামাত্র আমি যুদ্ধে যাত্রা কর্বো। আপনি উৎকণ্ঠা দূর ককন।

রাজা। শুভমস্তা দেবগণ ভোমাকে রক্ষা করুন। প্রিস্থান।

মন্ত্রী। তবে সমবেতা সেনা কালি নিরীক্ষণ করুন। আজ্ঞা হয়তো সেনা ও সেনাপতিগণকে সসজ্জ হ'তে আদেশ করি। ইতিমধ্যে শিবিরের প্রয়োজনীয় দ্রব্য সাম্থ্রী সকল আহরণ করা যাউক। নাই। সম্প্রতি আমি সমত্ত্বা ও প্রসবের কাল সমীপ হয়েচে। অতএব এ সময় আমাকে ত্যাগ করে যুদ্ধে যাওয়া নিষ্ঠুরতা কিনা তা আমাকে বল। তবে অনুমতি কর আমি তোমার অনুগমন করি।

স্ত্রী-পুরুষ হয়ে এক একে হুই কায়।
কিরপে প্রভেদ করি ত্যজিবে আমায়॥
যথা পতি তথা সতী বিধির লিখন।
আমার হুর্ভাগ্য বোলে করিছ খণ্ডন॥
তবে যদি রণে যাবে সঙ্গে লহ জায়া।
না হবে বিচ্ছেদ যথা কায়া সহ ছায়া॥
রাজ্যভুষ্ট পাণ্ডবেশ ক্ষা সঙ্গে নিল।
অরণ্যের বহু কট তাহে না জানিল॥

(স্বামির ক্রোড়ে মস্তক রাখিয়া রোদন।)

যুব ৷ প্রোয়সি ! আরে রোদন করোনা। আছি ভোষার নিকট প্রাণ রেখে চল্লেম।

ক্ষণ। (সরোদনে) তুমি তোপ্রাণ রেখে যাচেচা নী কিন্তু প্রাণ নিয়ে যাচেচা বটে।

যুব। প্রিয়ে, ধৈর্য্য হও, আর প্রাসন্ন বদনে আমাকে বিদার দেও,—আমি শিবিরে গমন করি। ভোমার চক্ষের জল আমার বক্ষঃ ভেদ কচেচ। (ক্ষণপ্রভার অঞ্চমোচন।)

ক্ষণ (সাঞ্জমুখী) আমার কি অদৃষ্ট !— পিতা মাতা ভগ্নি ভাতা সকলি হারাদেম ৷ তা'র পর যে স্বামী পেয়ে ছিলেম দে মনের মত বটে, আর সংসারে সেই স্বামী মাত্র আমার ভরদা ছিল, কিন্তু বিধি ভাতেও আমাকে বঞ্চিত কল্লেন। অভএব আমার মত অভাগিনী-নারী বুঝি আর এদংসারে নাই। এর পর ভাগ্যে আরও কি আছে ভাও বল্তে পারিনে। যা দেখিচি সকলি অমঙ্গল। ভাতে মনের মধ্যে এমন ভরদা হচ্চেনা যে আর আমুমার ভাল হবে। এ দিকে আবার অন্তরাপত্য; ভাতে যে কিছু আশার উদ্দেক্ হয়েছিল, ভা এখন সমূলে নাশ হচ্চে। অশ্বতরী কেবল আপনার নাশের নিমিতেই গর্ভ ধারণ করে। বোধ হয় আমারো ভাই ঘট্বে। এখন আমার মরণেই জীবন ও জীবনেই মরণ। ইচ্ছে হয় যে ক্লভান্ত শরণ লয়ে জীবন জুড়াই। (রোদন।)

যুব। প্রিয়ে, আমার যাত্রাকালে তোমার এরপ অধৈর্য্য হওয়া উচিত নহে। বরং এক্ষণে দেবভাদের মান, যে উপ-স্থিত সংগ্রামে জয়ী হয়ে ভোমার সহিত সত্তর সংমিলন করিতে নারি। অভএব প্রসন্ন হয়ে বিদায় দাও যে শুভ ক্ষপেযাত্রা করি।

ি ক্ষণ। তবে আর কি বল্বো,—এসো। (স্বামীর কর গ্রহণ করিয়া) দাসীকে মনে রেখো এই মিনতি।

[উভয়ের প্রস্থান।

পঞ্চম গর্ভাঙ্ক।

পিঙ্গল নগর---অনাগত-বাদীর গৃহের সন্মুখে।

(অনাগত-বাদী ও কিয়দূর্বে বামা বৈষ্ণবীর প্রবেশ।)

অনা। ওঁগোঁ বামা ঠাক্কণ, কোধা যাও ? শোন শোন।
বামা। (মৃত্বরে) আজ্ প্রাভঃকালেই এই অনামুকো
বেটার মুখ্ দেখলেম্, না জানি কপালে কি আছে। মেরেজেতের এমন শক্র বুঝি আর সংসারে নাই। আজ্ অর
নাই বেশ দেখুচি। ভার পর আর কি ঘটে বল্তে পারিনে।

অনা। আপ্না আপ্নি কি বোক্চো ? এদিকে এসো— শোন ৷

বামা। কি ভন্বো? (নিকটস্থ হওন)

অনা। বলি কোথা গেছলে ?

বামা। রাজবাটীর অন্তঃপুরে কিছু বিভি ছাছে তাই সাধ্তে গেছলেম। আহা! রাজকুমার বিদেশে এবং বউ-রাণী কাতর,—পুরনারীদের মুখ নেই।

অনা। তায় তোমার আমার ক্ষতি কি?

বামা। ভোমার না হোক্—আমার বটে।

অনা। তোমার নিজের যা আছে তাতেই তো তোমার স্বচ্চন্দে দিন যাপন হয়, তবে বিধবা মানুষ দ্বারে দ্বারে কেন বিভি সেধে মর।

বামা। তোমার তার কি কট আছে? অনা। আমার আর কট কি; তবে বিধবা মানুষ নর্মনা এদিক্ ওদিক্ বেড়ালে আচার বিচার ও সন্ত্রম থাকে না। এটা দেশেরও অনিষ্ট। তা কেন—তোমার আপনাতেই দেখ না।

বামা। আপনাতে কি দেখ্বো?

অনা। এদিকে তিলকসেবা কর, বল বৈফবী, তায় বিধবা, নিরামিষ খেতে। আবার না কি তাও এখন ছেডেচ ?

বামা। রাধেক্ষ ! যে বলে তার মুখে নুড়ো জ্বেলে দি—
চিরদিন হবিষ্যি কোরে এখন শেষ কালে কি আমিষ খাবো ?
তবে বড় চিংড়ি পোলে খেয়ে থাকি বটে। হাতে
হিনিমের মালা আছে মিছে বোলবো না ।

অনা সেটাকি তবৈ?

বামা। কেন—তাতে কি আঁষ্ আছে ? যাতে আঁষ্ নেই সেটা মাছের মধ্যেই নর। তুমিতো অনেক শান্ত্র পড়েচ, জ্যোতিষ দেখেচ, বল দেখি, যাতে আঁষ্ নেই সেটা আমিষ হতে পারে কি না ?

অনা। তাতো বর্টেই। বেশ বার করেচ। তাইতো বল্চি এখনকার বিধবারা যা খায়, সধবারা তা চোকেও দেখতে পায় না। প্রাচীনকালে বিধবারা শয্যায় শয়ন কতো না, ধরাশয়নে থাক্তো, মাথায় চুল রাখ্তো না। একাহারী, হবিয়াশী, এবং তেজক্ষর দ্রব্য মাত্রই আহার ছিল না, অর্থাৎ যাতে আঅমুখ জ্মে বা মনের প্রফুল্লভা হয়, তার লেশমাত্র জ্ঞান্তো না; এখন প্রায় তা নেই। মুভোজন ও উত্তম পরিধান ও কোমলশ্য্যা,—এই তিন্দী জাগে, তার পর কখন কখন ক্রমিতে সুগদ্ধী কুমুম্মালা দিয়াও অলিকুলকে ব্যস্ত করেন। প্রাচীনকালে বিধবারা প্রায় ক্রমশঃ জীহীন হইড, এক্ষণে তার বিপরীত হচ্চে। এখন বিধবা হলেই পুর্ফি হয় ও লাবণ্য বাড়ে।

বামা। তার কারণ এই, যারা আমিষ ত্যাগ করে হবিষ্য ধরে, তাদের একটু ছিরি হয়। যি ছুধের গুণ নেই? কি পোড়া মানুষ! আর হবিষ্যি কল্লেই যে কাঁচ্কলা নার কতে হবে, এমন কথা নয়। তবে আনেকে বৈধব্য-ধর্ম রাখ্তে পারে না, একথাও মানি। যে পারে না সে পারে না, আমার তায় কি?

অনা। তুমিতো রাখ-সেই ভাল।

বামা। কোন পোডারমুকো বলে যে আমি রাখিনে !

অনা। তুমি রেতে কি খাও?—হাঁগো ঠাকৰণ!

বামা। কেন-ফলার করি, ভায় দোষ কি?

অনা। তা বটে, রেতে আর রাঁদ্তে পার না—ভিজিয়ে খাও। গহনাওতো পরো? এইতো গলায় দানা দেখ্চি!— আর কি আছে?

বামা। আর কি পোরি, বল্তো পোড়া মারুষ।

অনা ৷ কেন কোমরে !

বামা। সে কাজকর্মে কথন কথন গোট্ছড়াটা কাঁকালে দেই,—এতেই কি জাত গেল?

স্থনা। (উভরায় হাস্থা) তাইতো বোল্চি গো,—তুমি যে এত পটো পটো, তোমার এই কাও! এখনকার আচার বিচার দেখে ইচ্ছে হয় না যে মেয়েমালুষের মুখ দেখি।

বামা৷ আহা ! হরি না করুন, যে তোমার দেখুতে

হোক্। তুমি যেমন মেয়ে জেতের শক্র, তেমনি তাদের
শাঁপেই তুমি শীগ্ষির অধঃপাতে যাবে। লক্ষী সরস্বতী
সতী ভগবতী এঁরা সকলেই স্ত্রীজাতি। যিনি মহাদেব, তিনিও
ভগবতীর পাছখানি বুকে ধরে রয়েচেন। একি কখন চোকেও
দেখনি ?

অনা। তা তাঁর গরজ পড়ে থাক্বে, তিঁনি পায়ে ধরে ছিলেন; এ বলে সেটা পাড়াপ্রতিবাসীর পক্ষে চলন হতে পারে না।

বামা। কি পাষ্ড। হে হরি, এমন নরাধ্মকেও বস্থু-মতী ধারণ কচ্চেন। যমপুরে তো চৌষ্টী নরক আছে, তার মধ্যে একটীতেও কি তুহাত স্থান নেই যে আমাদের গ্রামের গণকঠাকুর বাস করেন।

অনা। যদি আমাকেই সেখানে যেতে হয়, তবে ভোমাকেও কোনু না যেতে হবে ?

বামা । ছারকপাল । আমি ডক্কা মেরে ঠাকুরবাড়ী বাবো ।
অনা । এও দেই দিকে। আর এট্টু দক্ষিণে গোলেই
হবে, আমি মুকে বলাতেই যদি আমাকে দেখানে যেতে হয়,
তবে তুমি বিধবা হয়ে পেট ভোরে মাচ খেয়ে গোট্ পোরে
দেই চৌষডী নরকের মধ্যে কেন যে ছহাত, নিদেন্ দেড় হাত
স্থান পাবে না, তা আমি বুঝ্চিনে।

বামা। হরি ত্রাণ কর! আজ কি পাপের হাতেই পড়েছি। কেন বামত্তে এ পথে এসেছিলেম!

অনা। বামাঠাক্ৰণ, তুমি কিছু মনে করো না, কথাটা পড়লো তাই বল্লেম। বামা। আর কি বল্বো, কারমন-বাক্যে এই বল্চি তোমার পেরমাই বাড়ুক্। জীরস্তে মেরেদের তো এই জুলাচ্চো, মোরেও তো আবার ভর দেখাবে—দে আরো বালাই! এখন চল্লেম।

[উভয়ের প্রস্থান।

ষষ্ঠ গর্ভাঙ্ক।

বন্মধ্যে শিবির।

(যুবরাজ ও মন্ত্রী ও পারিষদগণের প্রবেশ।)

যুব। তবে মন্তি! রাজধানীর সমাচার কি তা বল ?
মন্ত্রী। যুবরাজ! সংবাদ শুভ, যুবরাজ্ঞী এক নবকুমার
প্রসব করিয়াছেন ও সেই জন্যে রাজধানীতে সমূহ কুতৃহল।
বন্ধ মহারাজ মুক্তহন্তে দান করিতেছেন। রাজ্যে আর
দরিদ্রতা থাকিবে না। "ঈশ্বর রাজ-নবকুমারকে চিরজীবী
ককন" সকল মুখেই এই রব। এবং ঘরে ঘরে নৃত্য গীত ও্
আমোদ প্রমোদ হইতেছে।

যুব। স্থানংবাদ বটে, দেবগণ কুমারকে রক্ষা করুন !
মন্ত্রী। মহারাজ বালকের নাম কিরীটী রাথিয়াছেন।
মুব। হউক! তবে যুবরাজ্ঞী কেমন আছেন বল ?
মন্ত্রী। এই শুভ-ব্যাপার উপস্থিত হওঁরাতে যুবরাজমহিবীর কাতরভার অনেক সমতা হইরাছে। তাঁহার কায়িক
কুশলও বটে। কিন্তু বৃদ্ধ মহারাজের ক্রমশঃ ঔদাস্থের

রৃদ্ধি হইতেছে। সর্বাদাই শত্রুভর ও তুঃসপ্তের শঙ্কা; বোধ হয় আপনকার পুনর্গমনের পূর্দ্ধেই বনাশ্রমবাসী হইবেন ।

যুব। বাহা হউক, যদবিধি আমার রাজ্যে পুনর্গমন না
হয়, তদবিধি তোমরা রজতগিরি-নন্দিনী ও নবকুমারকে সযতে
রাখিবে, যে রাজার গমন বা ঔদাস্ত্য হেতু কোন বিয় না ঘটে।
আমার আগমনকালে যুবরাজ-মহিষী যেরপি বিলাপ করিরাছেন, তাহা মনে করিলে আমার অঞ্চ নিবারণ করা অসাধ্য
হয়। কিন্তু উপস্থিত সংগ্রাম পরিত্যাগ করিয়া অন্তঃপুরে
থাকা, কেবল শোষ্য ও বীর্ষ্যের কলক্ক মাত্র। স্কুতরাং যুবরাণীর রোদনে আর্দ্রে হইয়াও আমাকে কঠিন হইতে হইল।

মন্ত্রী। তবে সম্প্রতি আমি বিদায় হই।

[সকলের প্রস্থান।

চতুর্থ অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

পিঙ্গল নগর-রাজভবন।

(রাজা, মন্ত্রী ও পারিষদের প্রবেশ।)

মন্ত্রী। আজি মহারাজকে কেন এমন বিষয় দেখ্চি?—
ঈশ্বর না করুন যে, রাজ্যে কি রাজবংশে, কোন অকুশল হউক্।

রাজা। প্রায় তাই বটে। কালি নিশীথে ঘাের তুঃসথা দেখেছি, যেন যমদূতের নাায় অতিশয় ভীষণ সহস্র সহস্র ভীমমূর্ত্তি তীক্ষু অসিতে আমাকে ছেদন কত্তে আস্ছে, আর বিছ্যতের নাায় অস্ত্র সকল আমার চারিদিকে চক্মক্ কচ্চে, ও সেই সময় আমার উদর হতে যেন একটা অজাগর সাপ বাহির হয়ে আমাকে গ্রাস কত্তে আস্চে। এমন নিশির স্থপন আর কখন কান্ধ না হােক্। কি ভয়ানক! এ কেবল ভাবী অমঙ্গলের লক্ষণ। বিপত্তিকালে তােমাদের পরা-মর্শ ভিন্ন আর গতি নাই। কি করি বল! (ঈষৎ চিন্তা পূর্ব্বক) দেখ, নগরের মধ্যে অনাগতবাদী নামে একজন বিচক্ষণ গণক বাস করে, সেই ব্যক্তিই স্বপ্নের অর্থ বল্তে পারবে, আর যাতে মঙ্গল হয়, তাও ব্যবস্থা দেবে। ভাঁকেই ভাক। মন্ত্রী। মহারাজ! সে লোক রাজ্যের বড় হিতিষী নয়, আর অত্যন্ত অন্তর্বিক্দা; তবে আন্তর্ভ হচ্চে, ডাকিয়ে আনি। কেউ যাও,—গণককে ডাক।

পারিষদ। যে আছে।,

প্ৰস্থান।

রাজা। এরপ ঘোর ছংম্বপ্প বুঝি আর কখন দেখি নাই।
বোধ হয়, এ কেবল আমার রাজ্যনাশের, কিয়া আমারি
বিনাশের, লক্ষণ হবে। পুত্র রণস্থলে, চতুর্দ্ধিকে শক্র-সৈন্য
বেফীন করেচে,—না জানি কপালে কি আছে।

মন্ত্রী। মহারাজ! স্বপ্ন দেখে এত ভয় কেন পাচ্চেন ? স্বপ্ন যদি সভা হতো, তবে চিন্তাযুক্ত রাজারা এক রাত্রের মধ্যেই দরিত হতেন, আর দরিত্রেরা রাতারাতি বড় মানুষ হতে পাতো। স্বপ্ন কেবল চিন্তাতেই জয়ে। সমূথে যুদ্ধ উপস্থিত, সেই চিন্তায় মহারাজের মনের বিকলতা হয়ে স্বপ্ন দেখেচেন। তার জন্যে ভাবনা কি?

রাজা। মন্ত্রি, তুমি যদি এরপ স্থপ্প দেখতে, তবে তুমিও এমনি ভাবিত হতে। দেখ এখনও আমার গা কাঁপ্চে।

(অনাগতবাদীর মহিত পারিষদের পুনঃপ্রবেশ।)

অনা। মহারাজ ! কি আজা হচেচ, কেন ডাক্লেন ? রাজা। গত রাত্রে বড় ছঃস্বপ্ন দেখেছি,—তা শুন, ও যে ব্যবস্থা হয় তা আমাকে বল । (স্বপ্ন বিবরণ।)

অনা। (স্বগত) হাঁ, এইবার হাতে পেয়েচি! রাজকুমার অহক্কারে মত হয়ে বার বার আমাকে অপমান করেচেন। এবার ভার শোধ দেবো, বেশ সময় পেয়েচি। তবে রাজকুমারকে প্রাণে মার্বো না। কিন্তু তার প্রিরণত্বী পরিরাজ-নন্দিনীকে বনবাস দেওয়াব। এ যদি না করি, তবে আমাকে ধিক্ থাকুক্, ও আমার গণনাতেও ধিক্ থাকুক্! (প্রকাশে) মহারাজ, আপানি, যখন জিজ্ঞেস কল্লেন তথন ভালই হোকু কি মন্দই হোক্ আমাকে সভিটেই বল্ভে হয়। গ্রহণণ সম্প্রতি আপানার অভ্যন্ত বিৰুদ্ধ হয়েচেন, ও সত্বরে গ্রহণান্তি না কল্লে আপানকার রাজ্য দধারণ্যের ন্যায় ছারখার হবে, এবং আপানকার প্রাণ্ড বাবে। আর মহারাজের প্রত্বপূ পরিরাজকন্যা নিশাচরীবিশেষ, তার নিশ্বাসেরাজ্যের অমঙ্গল হচে, ও তার খর দৃষ্টিতে কালাম্মি জন্মাচে। তাকে অবিলন্ধে বনবাস দিউন, যে সব দিক্ রক্ষা হবে, আর মেষ মহিষ বিদ্যান করে গ্রহ দেবতাদের শাস্ত ককন।

মন্ত্রী প্রভৃতি। (স্বগত) কি সর্বনাশ! কি সর্বনাশ! এবেটা বলে কি!—শুনে যে ভয় করে। এমন স্থশীলা রাজ্ব-কন্যা কি আর হবে! আহাঃ!

রাজা। তবে এমন পু্ত্রবধূকে বনবাস দেওয়াই শ্রেয়ঃ। তাই কর। তবে এই মাত্র ভয় যে পাছে তার শোকে আমার দিগ্বিজয়ী পুত্র বিবাগী হয়, সেও অমঙ্গল বটে। ভাগ্যে যা থাকে তাই হবে, রাক্ষনীকে কিরপে ঘরে রাখ্বো। রামচন্দ্রও সীতাকে বনবাস দিয়েছিলেন। তবুসে লক্ষী-রূপা।

অনা। মহারাজ ! আব্রেকা ও রাজ্যরকার সহস্কে একিছু ভারী পণ নয়। আমি হিত্বল্লেম, একণে মহা-

রাজের যাইছে তাই কবন। আজে হয় তো আমি আসি।

রাজা। তুমি একণে বিদায় হও, এর পুরস্কার পরে হবে।

অনা। যে আছে।

্ প্রস্থান।

রাজা। তবে, মন্ত্রি, তোমরা সত্বে পরিরাজ-কুমারীকে বনে প্রেরণ করিবার আয়োজন কর। কমলসরোবর প্রদেশে অতি নিবিড় বন আছে, ও ভরানক পশুচরে পূর্ণ। বধুকে সেই বনে ছেড়ে এসো। সঙ্গে প্রহরীগণ বাউক্।

মন্ত্রী। মহারাজের এই আজ্ঞা অতিশয় নিষ্ঠুর,ও বোধ হয় ন্যায়মত নহে, তত্তাচ অনুচরদের শিরোধার্য্য।

রাজা। এই কার্য্য নিষ্ঠুর বটে, কিন্তু এতে যদি রাজ্যের মঙ্গল হয়, তবে কিলে অকর্ত্তব্য ? আর যদি অনাগতবাদী রাজকুমারের আততায়ী হয়, তরু একেবারে অপ্রত্যয়-যোগ্য হইতে পারে না। রামচক্র শহ্মীরপা দীতাকে বন-বাস দিয়েছিলেন, সে কেবল এক জন ইতর রজকের কথায় মাত্রে। এতে মানুষের অম হওনের আটক্ নাই। যাহা
হউক্, আমি বধুকে বনবাস দিব। নর ও নিশাচরে একত্রে
বাস মনুষ্যের সংহারের কারণ বটে। অতএব ক্ষণপ্রভা বনে
বাউক্। সেই তার গৃহ।

ি সকলের প্রস্থান।

দ্বিতীয় গর্ভাঙ্ক।

উক্ত রাজপুর।

(মন্ত্রী ও পারিষদ ও শিশুপুল্রকোড়ে ক্ষণপ্রভা • যুবরাজ্ঞীর প্রবেশ।)

ক্ষণপ্র। ভোষাদের অপ্রসন্ধনন দেখে আমি ভীত হচ্চি, কহ মন্ত্রি, সমাচার কি ?

মন্ত্রী। পরিরাজকুমারি! তোমার স্থকোমল তরুতে এ আঘাত কিরূপে সম্ম হবে, আমাদের সেই ভয় হচে। সমাচার অতি অকুশল।

ক্ষণপ্র। যাহোক্ বল, এতেও আমার প্রাণ শুকুচে।
মন্ত্রী। মহারাজ যৌবনাশ স্থাপনকার বনবাস আজ্ঞা কল্লেন। এতেই আমরা জীবমূত হয়েচি।

মন্ত্রী। যুবরাজমহিবি! খেদে আমাদের বক্ষ বিদীর্ণ হচ্চে। এতে সংশয় মাত্র নাই। সত্যই মহারাজ যা আছে কল্লেন তাই আমরা ধর্মভয়েও রাজভয়ে আপনাকে জানাদেম।

ক্ষণপ্র। আমি কি অপরাধ করেচি যে মহারাজ তুহি-ভার প্রতি এমন নিষ্ঠুর আজ্ঞে কল্লেন ? মন্ত্রী। রাজকুমারি । আপনকার ছুরদৃষ্ট ভিন্ন আমরা আপনকার আর কোন অপরাধ দেখিনা।

ক্ষণপ্র। তবে তাই হবে। মন্ত্রি, আমি অতঃপর শোক-সাগরে পতিত হলেম। অভাগিনীকে পরিত্যাগ করে স্বামী সংগ্রামে গোলেন, অতএব স্বামীপরিত্যকা এ অভা-গিনী নারী এখন কার শরণ লবে! হে জীবিতেশ্বর! বুঝি আর তোমাকে চক্ষে দেশ্তে পাবোনা! (ভূভলে পড়িয়া রোদন।)

মন্ত্রী। রাজকুমারি! আর্র রোদন করো না। সকলি তোমার কপালের দোষ! তুমি রাজেশ্বরী রাজমহিষী হয়ে যে শেষে পথের কাঙ্গালিনী হবে ইহা স্বপ্নের অগোচর! কি বিধির বিভ্রনা!

[চেড়িগণ ধরাধরি করিয়া যুবরাণীকে উত্তোলন।

ক্ষণপ্র। (রোদন পূর্ব্বক) আমি কি কুক্ষণে পৃথিবীতে পা দিয়েছিলেম গো, যে আমার কপালে এত ছঃখ ঘট্লো! আমার পিতা দেবরাজবিশেষ, স্বামী দ্বিতীয় মেঘনান, তত্রাচ আমি পথের কাঙ্গালিনী হলেম! আর এই যে আমার ছ্র্প্পোষ্য শিশু, দেই বা আমার বিচ্ছেদে কেমন করে বাঁচ্বে। হা বিধি! তোমার মনে এই ছিল। (শিশুকে লক্ষ্য করিয়া রোদন।)

আয় শিশু কোলে করি, বারেক হাদয়ে ধরি, ছখিনীর ধন, জননী জীবন, কারে দিব আহা মরি। এখনি বিচ্ছেদ হবে, তায় কি এ প্রাণরবে, স্তন্য কর পান, স্থার সমান.

জনমের মত তবে।
আয় শিশু কোলে করি, বারেক হৃদয়ে ধরি,
হেরে তোর মুখ,
ফেটে যায় বুক,

হার হার মরি মরি !
পিতা তোর গোল রণে, মাতা তোর যার বনে,
কেমনে বঞ্চিবি,
কার কাছে রবি,

তাই ভাবি মনে মনে।
আয় শিশু কোলে করি, বারেক হৃদয়ে ধরি,
মা বলরে মুখে,

চেপে ধর বুকে,

অনিমিষে ভোরে হেরি। রাজার ছহিতা আমি, যুবরাজ বার স্বামী কে বাদ সাধিল, কে সাধে বাধিল,

সে হইবে বনগামী।

আয় শিশু কোলে করি, বারেক হাদরে ধরি, করিরে চুম্বন চাঁদমুখে, ধন,

নয়ন ভরিয়া হেরি।

হার হার প্রাণপতি, কেন বা ত্যজিলা সতী, অনাধার প্রায়, বনবাসে যার,

অবলার কি ছুর্গতি।
দহিছে আমার মন, দাবানলে যেন বন,
কোধা রৈল পতি,
কোধা তার সতী,

विष्कृत विषक्ष यन।

হাবিধি! কেন আমার প্রতি এত বিত্রনাকলে? আমি তো কোন দোষে দোষী নই। আমি পতিকে প্রাণাধিক ভাল বেসেচি এবং ঐকান্তিক ভক্তি করেচি, তবে কেন তাঁর সক্ষে চিরবিচ্ছেদ ঘটালে, যে বিদারকালেও তাঁকে একবার চক্ষে দেখতে পেলেম না? আহা! মুক্তা হতেও মার্ক্তিত দেহ যে শিশুর, তাকেই বা কিরপে ত্যাগ করে যাই! (শিশুরতকে পুনর্কার ক্রোড়ে করণ) আয় আয় বাছা, আর কেঁদোনা। জ্লের মত আর একবার স্তন্য দিয়া বিদার হই। আরও কিঞ্চিৎ গেলে রাখ্চি যে ক্ষুণা হলে খাবি। কিন্তু আমার নয়নামুমিলিত সে হুদ্ধে তোর তৃত্তি হবে না। (শিশুকে পর্যাক্ষে স্থাপন।) হে নাথ! তোমাকে উদ্দেশে প্রণাম করে আমি বিদার হচি। খেত্কু মুমের তোমার সে শুলুত্র বুঝি আর নয়নে দেখ্বো না। (রোদন পূর্মক শিবিকার আরোহণ।)

মন্ত্রী ও পারিষদ প্রভৃতি। যুবরাজমহিমি, ভোমার বিলাপ ও ককণাবাণী ভনে রাজ্যের লোকে হাহাকার কচ্চে। আর আবাল-রৃদ্ধ-বনিতা প্রভৃতি সকলে রোদন কচ্চে, একবার তাদের চেয়ে দেখ।

ক্ষণপ্র। তোমরা সকলকে স্থামার বিনয় বচনে কহিও যে আমি তালের নিকট বিদায় হচ্চি। যদি কিছু দোষ করে থাকি, তবে সকলকে ক্ষমা কন্তে বঙ্গুৱে।

প্রস্থান।

নগরস্থ লোক। নির্দোষী রাজকন্যা—বিশেষতঃ পুত্রের বধূ,—তাকে বনবাসে দিয়ে মহারাজ ঘোর অবিচার কল্লেন্। আমবা এর বিচারাথী হবো। এমন গণককে শূলে দেওয়া উচিত।

(নেপথের কলরব, মার বেটাকে! মার বেটাকে!রথ ফেরা!রথ ফেরা!)

প্রহরীগণঃ আরে থাম! আরে থাম! মহারাজের আজে—মহারাজের আজে; রাজনোহিতাহবে! রাজ-দ্রোহিতাহবে!

সকলের প্রস্থান।

্তৃতীয় গর্ভাঙ্ক।

কমলছদের সনিকটশ্বের অরণ্য।

(কণপ্রভার প্রবেশ।)

ক্ষণপ্র। (সাঞ্চমুখী) হা প্রাণনাথ!—তোমার বিচ্ছেদে আমার বনবাস হলো। আমিও সেই অভাগিনী সীভার কপাল করেছিলেম যে, রাজছ্হিতা ও রাজবনিতা হয়েও

অরণ্যে রোদন কত্তে হলো। কিন্তু সীতাদেবী বনেতেও আশ্রর পেয়েছিলেন, আমার কপালে তাও নাই। হা নিষ্ঠুর বিধি! (চতুর্দ্ধিকে নিরীক্ষণ) মা-কি ঘোর বন! এখানে চক্রস্র্য্যের প্রকাশ পাই। দিন রাত্ চেনা ভার। হে বিধি ভোষার মনে এই ছিল! (অঞ্পাত পূর্বক) হিংত্রক বনজন্ত পুঞ্জ পুঞা; বাঘ, ভালুক, মৃগ, মহিষ, শৃকর, গণ্ডারাদি পালে পালে বেড়াচ্চে, কিন্তু কেউ আমার কাছে আস্চে না। কি আৰু হাঁ। অভাগিনী বলে যমও কি **আ**মার প্রতি বিরক্ত হয়েচেন<u>।</u> যা হোক্, এই তো নিকটে গভীর হুদ আছে। যদি এতে গা ঢালি, তবে আমাকে এ বনে কে নিবারণ কত্তে পারে? এখন আমার সেই ভাল; স্বামী গেল, পুত্র গেল, আবার বনবাদ হলো; তবে পৃথিবীতে আমার আর কি আছে যে তার জন্যে অরণ্যে বাস কর্বো। (ক্রমশঃ হ্রদের নিকটবর্তী হইয়া) এই যে দেখ্চি কমলব্রদ সমুখে। একেই তো পক্জ-সরোবর বলে। (তটে উপবেশন।) আহা! সেই কমল-হুদ, সেই আমি, সেই বন। কিন্তু এখন সে শোভা নাই, সে সেন্দির্য্য নাই, সে সুখ নাই। এত নিবিড় বন, তবু যেন চারিদিক্ শুন্য দেখ্ডি! বোধ হয়, আমারি চোকের দোষ इत्दः; (कनना পতिবিচ্ছেদে আমার সে नয়न नाहे, সে मन नाहे, त्र প्राण नाहे। धहे कमनमत्त्रावत-छार्छे आमात সর্বনাশ হয়েচে। ছে সরোবর ! ভোমার হৃদয়ে কমল, ও অস্তুর শীতল, তবে আমার ভাগ্যে কেন' গরল হলো। ভোমাতে অবগাহন করে আমি কেন ভাপিত হলেম। ভোমার বারিতে কি ুআছে তা আমাকে বন, নতুবা আমি তোমার গভীর হৃদয়ে ঝাঁপ্ দিয়ে প্রাণত্যাগ কর্বো, ও তুমি দ্রীহত্যার পাতকী হবে। হে সধি তরুলতে! হে প্রাচীন পাদপগণ! তোমরা সাক্ষী থাক সরোবর কোন উত্তর দিল না। আহা! হিংক্রক পশুরাও আমার বিলাপ শুনে উদ্ধুম্থে দাঁড়িয়ে আছে, পক্ষিদের মুখে রব নাই, গো মহিষ মৃগেরাও তৃণ্খাচ্চে না, বারিতে হিল্লোল নাই, বোধ হয় সকলেই আমার ক্রথ দেখে নিস্পান্দ হয়েচে। পতিবিচ্ছেদ ও বনবাস আর আমার সহ্য হয় না!—আমি কমলহ্রদে ঝাঁপ্ দিয়ে ছয়েই দূয় করি। দেবগণ, তোমরা সাক্ষী থাক। (আত্মহত্যার মানসে জলে অবরোহণ করিতে উন্যত।)

আকাশবাণী। রাজতনয়ে ! মৃত্যুচিন্তা দূর কর। প্রাচীন কালে বহু রাজমহিষীরাও দৈববিপাকে বনবাস করিয়াছেন, ও চরমে তাঁহাদের কুশল হইয়াছে। সম্প্রতি পিতৃগৃহে বাস কর।

ক্ষণপ্র। (চতুর্দ্ধিক নিরীক্ষণ করিয়া) এ কি শুনি! বুঝি আকাশবাণী হবে। কেউ ভো এখানে নাই!—তবে তাই হবে। দেখি দেখি দেবতাদের মনেই বা কি আছে। (জল হইতে তটে আরোহণ) এ আবার কে আস্চে! শুনেছি এ বনে কোন সিদ্ধপুক্ষের আশ্রম আছে। নচেং এ অরণ্যে গৃহীলোকের থাকার সন্তাবনা কি আছে। কোন তপস্বীর ন্যায় বোধ হচে। যে হোক এখনি জানা যাবে।

(পরিত্রাজকের প্রবেশ।)

হে তাপস! আমি আপনাকে ধরাবনত প্রণাম কচ্চি।

পরিত্রা। তনয়ে, তেরিনার মকল হউক ! তুমি কে ? কাহার কন্যা ? অপরপ রপর্যোবনসম্পনা তুমি একাকিনী কেন অরণ্যে অন্ন করিতেছ। একেতো অদৃষ্টপূর্বা রপসী, তাহাতে মণিমর রত্বাভরণে ভূমিতা, লুব্ধ লোকেরা তোমাকে দৃষ্টিমাত্র মুদ্ধ হইবে। পূর্ব্বকালে দময়ন্ত্রী এই হেতু বিপাকে পড়িয়াছিলেন।

ক্ষণপ্র। বাবা পরম হংস! আমি রজতিগারি-রাজকন্যা ও যৌবনাশ্ব রাজার পুত্রবর্গ ও যুবরাজমহিবী।
আমী সংগ্রামে গমন করার শতর মহারাজ অসংপরামর্শে
আমাকে বনবাদ দিরাছেন। আমি পতিবিচ্ছেদ ও বনকট্ট সন্থ করিতে না পারিয়া কমলসরোবরে আত্মহত্যা
করিতে উন্নত হইলে, আকাশবাণীতে নিষেধ করিল।
অতএব আদি পিতালয়ে গমন করিব, আপনি আশীর্কাদ
করুন যে অভাগিনীর আকিঞ্চন পূর্ণ হউক্। (রোদন।)

পরিত্রা। বালে, অঞ্ মোচন কর ! দেবলোক ভোমাকে
রক্ষা করিবেন। রজভগিরি-রাজ দেবরাজবিশেষ, ও পরিরাজ্যের অধিপতি। তুমি তাঁহার কন্যা,—শূন্যমার্গে গমন
করিতে ভোমাদের পরাক্রম আছে। এ পথ মনুষ্যজাতির
দুর্গম ও মুনিদেরও ছুজের। আমি আশীর্কাদ করিতেছি
তুমি নির্কিমে গমন কর। দিক্পালেরা ভোমাকে শূন্যপথেরক্ষাক্রন।

ক্ষণপ্র। আর একটা কথা নিবেদন করে আমি বিদায় হবো। আমি পার্কিচ্ছেদে কাতর, আমার বনবাস হওয়া শুনে স্বামী অবশ্রই আমার অবেষণে এই বনে আস্বেন,—এতে कान मत्मह नाहे। आगि धहे होतक अन्नृती आशिनकात निकि दित्य योक्ति,—आशिन क्शा करत आगात द्वः त्यंत कथा उँक्ति ज्ञानिता अन्नृती कि उँक्ति क्षित्व, आत वन् त्वन, त्य केमा कि हा हा ना हन्, का हाल कानक्ति आत आगामित मिनन हात ना। अन्नृती द्वर्गा उँक्ति तक्ना कत्त्व।

পরিত্রা। আর কিছু কথা থাকে তো বল,—অঙ্গুরীতো দেবই।

ক্ষণপ্র! না, আর এমন কিছু কথা নাই। তবে হুর্গম বন, পথের মধ্যে উফ নদী, ও নিশাচরী, ও অজগর ভুজক, ও রাক বিহক আছে, তাহা আপানকার অগোচর নাই, এ সকল হতে অকুরী রক্ষা কর্বে। তত্তাচ আপানি উপা-রান্তর কোর্বেন যে তিনি নির্কিন্নে এ সকল অতিক্রম করে রজতগিরিপুরে যেতে পারেন। তকে আমি এখন আসি। আশীর্কাদ ককন, যেন অনতিবিলম্বে আমি সেই হারাপতি লাভ করি।

পরিত্রা। তনয়ে তোমার মঙ্গল হউক! দিক্পালের। তোমাকে শূন্যপথে রক্ষা ককন।

[উভয়ের প্রস্থান।

চতুর্থ গর্ভাঙ্ক।

পিঙ্গল নগর--রাজভবন।

(রাজা ও মন্ত্রীর প্রবেশুক্র)

मञ्जी। महात्राष्ट्र! वधूत्रानीत्क वनवीत्र निरम्न প्रवस्त्रीयन

প্রত্যাগমন করেচে, এবং সকলেই চক্ষের জলে ভাস্চে, আর রাজ্যের লোক হাহাকার কচ্চে ও গণককে শাপ দিচে । আমি মহারাজের প্রধান মন্ত্রী, রাজ্যে কোন আমঙ্গল হলে সকলেই আমাকে আগে দোষী করে ৷ মহারাজের এই কর্মা লোকতঃ ধর্মতঃ উভয় বিৰুদ্ধ হয়েচে, এ কথা আমি পূর্ব্বেও বলেচি—এখনও বল্চি ৷

রাজা। (ঈযচ্চিন্তা পূর্বক) যুদ্ধের সমাচার কি?

মন্ত্রী। জনঞাতি এইরপে যে যুবরাজ যাবদীয় শত্রুগণকে পরাজয় করে তাদের বন্দী করেচেন, ও নগরে আস্চেন।

রাজা। যুবরাজকে শুভদিন দেখে রাজুমুকুট দাও।
আমি বনার্শ্রমে গিয়ে এখন পরকালের চিন্তা কর্বো। এই
ব্যাপারে রাজ্যের লোক নাকি আমার বিরাগ করেচে
শুন্চি।

মন্ত্রী। মহারাজ, রাজকুমার এই সমাচার শুনে একে-বারে ভগ্নমনা হবেন;—সিংহাসনে আরোহণ করা দূরে থাকুকু।

রাজা। এক্ষণে এর আর কোন উপায় দেখিনে। বোধ হয় অনাগতবাদী দৈবজ্ঞ প্রতারণা করেচে। যা হ'ক, রাজকুমার সিংহাসনারোহণ কল্লে এর বিচার হবে।—''নহ্যমূলা জনশ্রুতি ''। বহু লোকে যে কথা বলে তা মিথ্যা নয়। বোধ হয়, যুবরাজ-মহিষী নির্দোষী। রাজকুমারের মনের ভাব বুঝে যা বিবেচনা হয় কর। আমি জ্বায় আশ্রমে যাব। দেখ, আমি দিন দ্বিন অবসন্ন হচ্চি। পুত্রবধূর বনবাস হও-রাতে আমার গৃহ অরণ্যের ন্যায় হয়েচে। পুর্বাসী দাস

দাসীগণ সকলেই মলিৰ। কাহারো মুখে রব নাই, উদ্যা-নের পশু পক্ষিগণও প্রায় আহার ত্যাগ করেচে; মাতৃহারা ছুদ্ধপোষ্য শিশু সর্কানাই রোদন কচ্চে, তা শুনে আমার গৃহে এক ক্ষণ থাকারও মন নাই।

িউভয়ের প্রস্থান।

পঞ্চম গর্ভাঙ্ক।

রজতগিরি—রাজপুর।

(রজতগিরিরাজ ও দমনিকার প্রবেশ।)

রাজা। 🗰 দমনিকে, আজু নগরের মধ্যে কিসের কোঁলা-হল ? তুই এত ক্রতগতি আস্চিস্কেন ?

দমনিকা। মহারাজ্য আজি আমাদের স্থপ্রভাত নিশি,— রাজকুমারী ক্ষণপ্রভা এলেন। সেই জন্যে মহারাজকে সমা-চার দিতে আদচি; নগরে আনন্দের সীমা নাই।

রাজা। কি! রাজকুমারী ক্ষণপ্রতা এলো! আহা।
শুনে কি সুখীই হলেম; আমি এতদিনে হারারত্ন পেলেম্;
এই যে আসচে, আয় আয়।

(কণপ্রভার প্রবেশ।)

সুকুমারি, ভোমার কুশল কহ।—পৃথিবীতে কি বিপদে পড়েছিলে, আর কিরপেই বা উদ্ধার হয়ে এলে ? ভোমাকে চক্ষে দেখ্বো এ আর আমাদের মনে ছিলনা। (আনন্দা-ক্রপাত।)

ক্ষণপ্রভা। (সাঞ্চমুখী ধরাবনত প্রণাম পূর্ব্বক) পিতা আমার ছঃধের কাহিনী অতি বিস্তার। সংক্ষেপে নিবেদন করি! কমলসরোবরে স্থানকালে ব্যাধের পাশে বন্ধ হয়ে ভগ্নিদের দঙ্গে আমার বিচ্ছেদ হয়। তার পর পুরস্কারের লোভে বা অন্য কারণে হউক উক্ত কিরাত আমাকে পিঙ্গল-রাজ্যের রাজ্বকুমারকে উপতেতিকন দেয়। কুমার আমার क्र भागवर्गा पूक्ष इरह आभाव शांवि और एवं हे स्कृ। करतन । রাজকুমার অঞ্তপূর্ব রূপবান্, ও মর্ত্যলোকে অধিনী-কুমারবিশেষ। বহুবিনয়ে আখার মন পেয়ে শেষ আমাকে বিবাহ করেন ও পরিশয়ের স্বম্পদিন পরেই আমি অন্তরাপত্য হই। পরে বিপক্ষ-সৈন্য রাজার রাজ্য আক্রমণ করাভে পতি দেনাপতি হয়ে যুদ্ধে গমন করেন। এই অবসরে অতিলুব্ধ ও পিশুন দৈবজ্ঞ বিজ একজন রাজাকে অসৎ পরামর্শ দিয়ে আমাকে বনবাদ দেওয়ায়; কিন্তু ঐ দ্বিজাধম আমার স্বামীর বিপক্ষ প্রকাশ হওয়াতেও রাজা সে কথায় কর্ণপাত না করে আমাকে অরণ্যে পাঠান। আমি व्यनाथिनी ও क्वःथिनीत नागात तान तत व्यन करत (भव আত্মহত্যা কতে উদ্যত হলে আকাশবাণীতে নিষেধ করে, ও পিত্রালয়ে গমন কতে প্রত্যাদেশ হওয়ায়, ঐ অরণ্যবাসী কোন তাপদের পরামর্শে শূন্যপথে আদিতেছি, নগরের লোক প্রথমে আমাকে দেখে আনন্দে বিহ্বল; ভার পর সকলে একত্র হয়ে কোলাহল ও কুতৃহল কত্তে লাগ্লো। কিন্তু স্বামী ও শিশু পুত্রের বিচ্ছেদে আমি অতিশয় কাতর আছি। ভবে আপনকার জীচরণ দর্শন করে, ও ভগ্নিগণকে দেখে সম্প্রতি সে ত্রঃখের কিঞ্চিৎ শমতা হলো।

রাজা। তনয়ে! ভোমার বনবাস আমাদের পক্ষে

শাপে বর হয়েচে। যেহেতু তোমাঁর বনবাস না হলে বোধ হয় আমরা তোমাকে আর চক্ষে দেখতে পেতেম না। তবে এখন যাও, গিয়ে আন্তি দূর কর। আর এই মনোহর অটালিকার যে কোন ভাগ তোমার মনে ধরে, তাহাতেই গিয়ে অবস্থান কর। আরে কে আছিস্!

নেপথ্যে। মহারাজ ! কি আজে হচ্চে!
নগরে নগরে ঘোষণা দাও যে রাজকুমারীর পুনরাগমনে ঘরে
ঘরে নৃত্যগীত ও মহোৎসব হউক্।

নেপথ্যে। যে আছে

তনয়ে! তবে একণে তুমি নিজপুরে গিয়ে ভগ্নিগণের সঙ্গে মিলন কর।

ক্ষণপ্র। পিতঃ আপনকার যেমন ইচ্ছে।

[ক্ষণপ্রভার প্রস্থান।

দমনিকা । মহারাজ ! রাজকুমারী পরিণীতা হওয়াতে আপনকার ছুই লাভ হয়েচে। প্রথমতঃ কন্যালাভ, ও কন্যা হতে জামাতালাভ । স্বতরাং একে ছুই হয়েচে। এবং উভয়ের মিলনে সন্তান উৎপত্তি হওয়াতে একেই তিন হয়েচে বলতে হবে। এবং কুমারীও ঘরে এসেচেন। আমার গণনাও তাই ছিল, মনে কফন।

রাজা। বটে বটে, এখন বুঝলেম্। এই লও, (পারি-ভোষিক প্রদান) এরপ দৈবঘটনা না হইলে ক্ষণপ্রভার এখানে আসা কঠিন হইত।

দিমনিকার প্রস্থান।

রাজা। (মগত) তবে কথা এই যে মনুষ্যজাতি দেবকন্যার যোগ্য নহে। কিন্তু কথিত আছে যে যৌবনাশ্ব রাজার পুত্র দেব-পরাক্রম, ও রূপে অধিনীকুমারবিশেষ। নচেং রাজ-কুমারী ক্ষণপ্রভা তাহাতে অনুরাগিণী হইত না। কুমারীর অচলা পতিভক্তি দেখ্চি। প্রজাপতি উভয়ের মিলন ককন।
প্রিস্থান।

পঞ্চম অন্ধ।

প্রথম গৃর্ভাঙ্ক।

পিঙ্গল নগর-রাজ-অট্টালিকার বহিঃপ্রকোষ্ঠ।

(মন্ত্রী ও মালতীর প্রবেশ।)

মন্ত্রী। দেখ মালিতি, যুবরাজ রণজয়ী হয়ে নগরে এলেন, এবং তোমরাও সকলে নানারপ মঙ্গলাচরণের আয়োজন কর্চো বর্টে, কিন্তু এ সকলি রুখা জান্বে। যুবরাজ-মহিষীর বনবাস হওয়াতে কাহারো মনে সুখ নাই।

মাল। তা বটে,—আমরা কেবল বেঁচে আছি মাত।
কিন্তু এরপ বাঁচা আর মরা ছই সমান; এ সকল করা
কেবল লোকাচার রক্ষে করার জন্যেই জান্বে। যুবরাজমহিষী এ রাজ্যের জীবন ছিলেন। তাঁর বনবাস হওয়াতে
আমরা কেবল মৃতপ্রায় হয়ে আছি। তিনি বউরাণীর
কথা জিজ্ঞেন কল্লে আমি যে কি বল্বো, সেই ভেবে আমার
প্রাণ যাচেত। বুঝি রাজকুমার এলেন্!

(যুবরাজের প্রবেশ।)

নেপথ্যে। বাছোদ্যম।

যুবরাজ। কও মালভী,—সমাচার কি ? সব কুশলভো ? যুবরাণীকে কেন দেখ্ছিনে! সকলেই আমাকে দেখ্বার জন্যে অপ্রসর হয়ে এসেচে, কিন্তু সেই প্রণায়নীকে কেবল দেখ্চিনে; প্রেয়মী কেন এসেন নাই ? নবকুমারতো ভাল আছে? কিন্তু দেখছি বৈ পুরনারীরা সকলেই বিমর্য, এবং ভোমরাও অপ্রসমবদন ও মুক্তকেশ, ও কেবল বিশেষ অমঙ্গলের চিহ্নই যেন বোধ হচেচ।

মাল। (সাঞ্জনয়ন গদগদেররে) সমটিার আর কি বল্বো,
— আমাদের সর্বনাশ হয়ে গেছে! আমরা কেবল প্রাণহীন
দেহ লয়ে আছি!—য়ুবরাণীর বনবাস হয়েছে। (রোদন)

যুব। যুবরাণীর বনবাস! সে কি? কি জন্যে ? এ কথা সত্য হলেও যে বিশ্বাস হচ্চে না, কথা কি ?

মাল। আপনি যুদ্ধে গমন কল্লে তার অপ্প দিন পরেই গ্রামের দৈবজ্ঞ ঠাকুররো মহারাজকে কুমন্ত্রণা দিয়ে যুব-রাণীকে বনবাস দিইয়েচেঃ এ জন্যে রাজা প্রজা সকল লোকেই শোকাকুল। কথা এই যে, মহারাজ রাত্রে ছঃসপ্ন দেখেছিলেন, ভাতে অত্যম্ভ ভয় পেয়ে দৈবজ্ঞ বামণদের জিজ্বেদ করায়, তারা মহারাজকে জানায় যে পরিরাজ-কুমারী রাক্ষনী, ও তার নিখাদে দকল অমঙ্গল হচ্চে ও আরো হবে, অতএব তাকে শীগ্যির বনবাস দেন। মহারাজ-ভাল মন্দ কিছুই বিবেচনা না করে, সেই কথায় বউরাণীকে বৰ্জ্জন কল্লেন। নবকুমার অন্তঃপুরে কুশলে আছে, কিন্তু মাতৃহীন শিশু দিন দিন ক্ষীণ হচ্চে, এর পারে তার কপালে কি আছে তা ঈশ্বর জানেন ! যখন বউরাণী বনবাদে যান, তখন বাছাকে মাই দিতে দিতে বল্লেন যে মালভি ভবে তাঁকে বলিস্যে আমি এ জম্মের মত বিদায় হলেম্। আর কুমারকে কোলে কোরে যে কত কাদ্লেন তা আর কত বল্বো; আর কাঁদ্তে কাঁদ্তে স্তনছ্ম গেলে আমাকে বলেন

যে বাটিতে ধর, যখন ছেলের ক্ষা হবে এউ এউ খেতে দিন্। আহা ! ছধ-তো নয় যেন মুক্তো গেলে ঢাল্চে। তার পর, ওঠবার সময়——

যুব। মালতী, আর না, যা বল্লি সেই বিভার; আমার কঠিন প্রাণ ভাই এখনও রয়েচে। এখন ভোমরা পুরমধ্যে যাও, আমি যুবরাণীর অন্বেষণে চল্লেম্। যদি ভার দেখা পাই ভবেই মঙ্গল, নচেৎ এই পর্যান্ত।

মাল। তবে বুঝলেম্যে বিধি আমাদের প্রতি নিতা-ন্তুই বাম হয়েচেন।

্রোদন করিতে করিতে মালতীর প্রস্থান।

যুবরাজ। মন্ত্রি, দেখ, আমি একান্তিক রাজভক্তির ও সংগ্রাম-বিজয়ের এই পুরস্কার পোলেম। শক্রিন্য মহারাজের দেশ ছার খার কত্তে আরম্ভ কল্লে, আমি সসতা মহিনীকে পরিত্যাগ করে মহারাজের সেনাপতিত্ব স্বীকার কল্লেম। কিন্তু মহারাজ আমার মুখাপেক্ষা না করে, লুব্ধ ও ধূর্ত্ত এক জন গণকের কথায় নির্ভর করে নিরপরাধে পুত্রবধূকে বনবাস দিলেন। একথা চিরকাল হুদে বাগ্রে। যা-হ'ক্ আমি মহিষীর অন্বেষণে চল্লেম; যদি কদাচ ভার উদ্ধার কতে পারি, ভবেই স্বরাজ্যে আস্বো, নচেৎ এই যাত্রা। মহিষীর অন্বেষণে হয় শরীরের পতন হইবে, নচেৎ মস্ত্রের সাধন করিয়া গুহে আসিব; আর ইভ্যবসরে মহারাজ আশ্রামে গমন করেন, ভবে তুমি আমার শিশু-পুত্রের সাবধানে রক্ষণাবেক্ষণ করিবে। যেহেতু সেই শিশু ভিন্ন মহারাজের সিংহাসনের আর

কোন ভাবী উত্তরাধিকারী নাই। আমার প্রত্যাগমনের তাদুশ প্রত্যাশা ত্যাগ কর ?

মন্ত্রী। যুবরাজ, আপানকার আজ্ঞা শিরোধার্য্য করিলাম। ঈশ্বরেচ্ছায় আপনি অচিরে কৃতৃকার্য্য হইয়া স্বরাজ্যে আগ-মন ককন।

যুব। সৈন্যের কিয়দংশ আমার সঙ্গে চলুক। অরণ্য-প্রদেশেও কিরাতাদির দমনের নিমিত সেনাদির প্রয়োজন হওনের আচিক নাই। আমি সৈন্যের অগ্রাসর হইলাম।

মন্ত্রী। বে আছে। ভগবতী দক্ষিণাকালী আপনাকে তুর্গমে রক্ষা করুন! [নেপথ্যে শোকবাদ্য]

[সকলের প্রস্থান।

দিতীয় গর্ভাঙ্ক।

ষোর বন—পরিব্রা**জ**কের আশ্রম। (পরিব্রাজকের প্রবেশ।)

পরিত্রা! (এন্ত) এ কি শব্দ শুনি! অরণ্যমধ্যে এ চতুরঙ্গিনী দেনা কার! এই দিকেইতো আস্চে দেখচি! হস্তী, অশ্ব, পদাতিক, অসি চর্ম অসীম। ভয়ে যেন মেদিনী কাঁপ্চে। বোধ হয় কোন রাজা কিয়া রাজপুত্র হবে।

(যুবরাজের প্রবেশ।)

(আশীর্নাদপূর্বক) দিক্পালেরা আপনাকে জয়যুক্ত কৰুন!
কোন্দেশ হতে আগমন? এবং সদৈন্য রণসাজে এ বনে
আগমনের ভাৎপর্য্য কি?

যুব। তাপদ! আমি আপনাকে অভিবাদন করি; আমি পিকলদেশের যুবরাজ। "উদরশীল দিবাকরের ন্যায় এ রাজ্য দেদীপ্যমান্, ইহা জগতে অবিদিত নাই। পিতা যৌবনাখ মহারাজ, আমার মহিষী রজতগিরি-রাজনন্দিনীকে জমবশতঃ বনবাদ দিয়াছেন; আমি দে সময় দিগন্তরে যুদ্ধে নিযুক্ত ছিলাম, রাজ্যে আদিয়া এই ক্লয়-বিদারক সংবাদ শুনিলাম, পরে মহিষীর অন্বেষণে যাত্রা করিয়া রজতগিরি-অভিমুখে গমন করিতেছি। সমুখে এই মনোহর বন ও কমল-সরোবর, ও তাহার অনতিদ্রে আপনকার আশ্রম দেখিয়া বিশ্রাম জন্য আদিতেছি।

পরিত্রা। বংস, তুমি সীতাপতির ন্যায় ক্রতকার্য্য হও। তত্রাচ রজতগিরিপুর অত্যস্ত ছুর্গম স্থান, ও প্রায় দেবগণেরও অভেদ্য।

যুব। বাবা প্রিরাজক, রজতগিরিরাজ-বালাকে এ বনে দেখিয়াছেন কি না তাহা বলুন।

পরিত্রা। অত্যপ দিন হইল অলেকিক রপযেবিনসম্পন্না ও রত্বাভরণে ভূষিতা এক রাজকন্যা এই বনে একাকিনী জ্মণ করিতেছিলেন, তিনি রজতিগরি-রাজনন্দিনী
বলিয়া আপনার পরিচয় দেন, ও অক্রপূর্বনয়নে আমাকে
কহিলেন, যে যৌবনাশ রাজা উহোকে নির্বাসিত করিয়াছেন। ইহা বলিয়া স্বামি-বিচ্ছেদহেতু বহু বিলাপ
করিলেন। আমি তাঁহাকে সাজ্বনা করিয়া তাঁহার পিত্রাজ্যে গমন করিতে উপদেশ দিলাম। পরিরাজকুমারী
দেবযোনি বিশেষ, ও পূর্কপরাক্রমে শুন্সপথে গমন করিলেন।

যুব। বাবা পরিব্রাজক ! আমি তথায় কিরপে গমন করিব তাহার উপদেশ দিয়া আমাকে কৃতার্থ করুন ! ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান,—আপনকার কিছু অগোচর নাই।

পরিবা। রে বংস! পূর্বজন্মের স্কৃতিতে তোমার পরিরাজকুমারীর সঙ্গে মিলন হইরাছিল। তাহার সঙ্গ-র্মভোগ করিয়া সেই স্কৃতির শেষ হইয়াছে। রজতাগিরি-রাজকন্যা দেবকন্যাবিশ্রেষ। তাঁহার সহিত পুন-র্মিলন হওয়া কঠিন। বিশেষতঃ আমরা মনুষ্যজাতি; দেবতা ও মনুষ্যে মিলন হওয়া বিধিনির্বন্ধ নহে। অভএব যুবরাজ, সে আশা ত্যাগ করিয়া স্বরাজ্যে পুনর্গমন কর। অধিকস্তু রজতগিরিপুর অতি তুর্গমন্থান, তাহা পূর্বেই উক্ত হইয়াছে, আর এতজ্রপা-পত্নী-বিছেদে কেন কাতর হও। তোমার ন্যায়য়রপ্রান ও ঐশ্র্য্যান্ য়ুবরাজের মহিষী হওনার্থ ভূলোকে কোন্ ভূপতির নন্দিনী শিবপূজা না করিতেছে।

যুবরাজ। বাবা পরমহংশ! আপানকার বাক্য শিরো-ধার্য্য করিলাম; যেহেতু তাহা দেবগুরুর যুক্তির ন্যায় স্বঙ্গত। কিন্তু আমি ঐ প্রণয়িনীর অন্বেষণ না করিয়া নিরস্ত হইব না, ইহা আমার প্রতিজ্ঞা আছে। স্বর্গ, মর্ত্য, রসাতল—ও অনল শীতল—হইলেও আমি প্রতিজ্ঞা ভঙ্গ করিব না। আপনি মাত্র আশীর্কাদ করুন যে এই অনু-ঠানে আমি কৃতকার্য্য হই। আমার প্রণয়িনী যে পথে গমন করিয়াছেন, আমিও সেই পথে যাইব। পরিত্রা। বংস। তবে তোমার মঙ্গল হউক। তোমার মহিনীদত্ত এই হীরকাঙ্কুরীয় গ্রহণ কর। রজতগিরিরাজ-বালা যাত্রাকালে এই অঙ্কুরী আমাকে দিয়া কহিলেন, বে যদি কদাচিৎ আমার সহিত তোমার এই বনে সাক্ষাৎ হয়, তবে অঙ্কুরী তোমাকে অর্পণ করিব। বিপত্তিকালে অঙ্কুরী তোমাকে পথে রক্ষা করিবে—রাজবালা ইহা পুনঃ পুনঃ আমাকে কহিলেন। (অঙ্কুরী অর্পণ।)

যুব। এই অঙ্কুরীই আনুমার মহিষীর প্রণায়ের পরীক্ষা জ্ঞান হইল। হে গুরো! আমি উপকৃত হইলাম।

পরিতা। ভোমার বিদ্ন বিনাশের নিমিত আমি আর এক জব্য দিতেছি—সাবধানে নিকটে রাখিবে। এই গন্ধর্ক-ধুপ ধর। (প্রদান) এই দ্রব্যগুণে পশু, পক্ষী, নাগ, নর, নিশাচরাদি,—কেইই ভোমার অনিষ্ট করিতে পারিবে না। আর কিঞ্চিৎ পথের রুতান্ত কহিব, মনযোগ কর।—কিয়দ্র श्यम क्रिल निविष् (राज-यम शाहरत; के यान जीवना नार्य নিশাচরী বাস করে। দৃষ্টিশাত রাক্ষদী ভোমার পথ অবরোধ করিবে, কিন্তু ঔবধের গুণে সংক্ষিপ্ত সমরে তুমি ভাহাকে পরাত্তব করিতে পারিবে। তদনস্তর উষ্ণ নদী পাইবে; তাহার জলে কেবল অনল জুলিতেছে ও এক যোজনের মধ্যে বৃক্ষলতা মাত্র নাই, তটে অতিশয় ভয়ানক অজগর সর্প বাস করে,—দৃষ্টিমাত্র ভোমাকে গ্রাস করিতে আসিলে, তাহার শিরে পদাঘাত করিবে, ও অহি তৎক্ষণাৎ উক্ত নদীর সেতু স্বরূপ হইবেক। পরে তুমি অকুডোভয়ে তাহার উপর দিয়া ু পার হইয়া যাইবে। গন্ধর্ধ-ধূপে তোমাকে রক্ষা করিবে। তাহার পর কিছু দূর গমন করিলে যুগল রাকপক্ষী দেখিবে; তাহার এক এক পক্ষী সহস্র মন্ত মাতক্ষের বল ধরে। ঐ রাকদম্পতী রজতগিরিরাজের আজাবহ। রাজকুমারীর অঙ্কুরী দেখিলে তোমাকে পৃষ্ঠে করিয়া বহুদিনের পথ এক দিনে লইয়া যাইবে। কিন্তু অঙ্কুরী না দেখিলে উক্ত পক্ষিদ্র তোমার কোন উপকার করিবে না। গন্ধর্কাধূপে তোমাকে তাহাদের প্রাস হইতে রক্ষা করিবে। ফলতঃ, বহুক্ষে ও কালবিল্যে রজতগিরি-পুরে উপনীত হইবে। এভন্তিয়, পথে আর কোন বিদ্নাই।

যুব.। বাবা, পারম হংস! আমি বুঝ্লেম যে আপানার ক্রপাকটাক্ষে আমি কভার্থ হইব। আশীর্কাদ করুন, আমি এক্ষণে বিদায় হই।

পরিত্রা। বংস, তোমার মঙ্গল হউক !—এস। ভগ-বান চন্দ্রচুড় তোমাকে রজভ-গিরিরাজ্যে রক্ষা কফন!

প্রস্থান।

তৃতীয় গভাঁক।

রজতগিরি—রাজপুর |

(প্রমীলা ও লীলার প্রবেশ।)

লীলা। দেখ্ প্রামীলে, ক্ষণপ্রতা যে অবধি ষরে এসেচে সেই অবধিই সে শ্যাগত, আর চক্ষের জলে দিবানিশি যেন ভাস্চে। এ কেবল পতিবিচ্ছেদের কফী জান্বি। আহা! অবলার প্রাণে কতই সহ্য হয়। কেবল ছুঃখু ভোগ করবার জন্যেই বিধাতা নারীদের সূজন করেচেন।

প্রমী। তাতো বটেই; সে কথাতো মিথ্যে নয়। পতিপ্রাণা নারীদের পতিবিদ্ধেদের যাতনা বড়ই কঠিন। কিন্তু ক্ষণপ্রভার কন্টের আর এক কথা আছে। তার শিশু-পুত্র ছেড়ে এসেচে।

লীলা । এখন এর উপায় কি ? আমি দমনিকাকে ভেকেচি, সে আস্চে।

প্রমী। দমনিকা কি কর্বে? সেটার মুখে রস্কস্নেই,—
বল্লেই যেন খেতে এসে। সে ভূতভবিষ্যত্ সব জানে
বটে; যদি মনে করে তবে এখনি বল্তে পারে যে কত
দিনে ক্ষণপ্রভার স্বামীর সহিত পুনর্কার মিলন হবে——

(দমনিকার প্রবেশ।)

এল এল ! – দিদিমণি এল । আমিও তোমাকে ডাক্তে যাচছিলেম । এদেচ ভাল হয়েচে।

দম। কেন? এত ডাকাডাকি কেন? আজ্বুঝি কিছু আপনাদের কাজ পড়েচে। কথা কি ?

প্রমী। বসো বসো! দিদি ঠাক্কণ, এক্টা কথা বল্চি।
দম। নে আর আদরে কাজ নেই। আমার এখন কথা
শোন্বার সমর নর, ওদিকে ক্ষণপ্রভা শায্যাধারা ভারে রয়েচে,
এদিকে ভোদের আমোদ বাড়্চে। কাফ সর্কনাশ, কাফ
পৌষমাস। আহা! ক্ষণপ্রভার মত সরলা মেয়ে রুঝি
আর হয়না, কিন্তু ভারি কপালে যত ছঃখু।—উল্টো বিধি!
প্রমী।কি, আমরা কন্ট পেলে ভুই মুখী হোতিস্নাক ?

দম। ক্ষণপ্রভাকে ছেড়ে দিয়ে যদি ভোদের হুজনকে কমলসাগরে আট্কে রাশ্ভো, তবে আমার মনের মত হতো। ভোমরা হুটি লক্ষী সরস্বতী; মা! আঁচল পেড়ে গড়করি।

প্রমী। সে যাহ'ক, তুই এখন গণে দেখ্ যে ক্ষণপ্রভার পতিবিচ্ছেদ-যাতনা কত দিনে যুদ্ধে ।

দম। না--ভামি এখন গণ্তে পার্বোনা। এখন গণে দিয়ে সাত দেশ এক করি। আমি যাই।

প্রমী। না না, উঠিদ্নে উঠিদ্নে ! (ধরাধরি করিয়া বসান)
তুইতেঃ বড় নির্চ্চর লো! মেয়েমানুষের এমন কঠিন প্রাণ
এতো শোনা যায়না। তোর কি!—তুইতো দে ছঃখু জানিদ্নে। যার যাতনা দেই জানে। ক্ষণপ্রভার মনের মধ্যে
যে কি হচুচে, ভাকি তুই জান্তে পারিদ্। কেবল তোর
মুখের চান।

দম। না—তাকি আর আমি জানি, তোমরাই জান। তোরা আমাকে জ্লাস্নে!—চুপ্ কর বল্চি। আমি চল্লেম।

প্রমী। আমার মাথা খাস্—বোস্—আমার দিবি । এক-বার গণে দেখ্। তুই আজ্ এমন কচ্চিস্ কেন ?—যেন কিসে পোয়েচে।

দম। আর কিনে পাবে ভোরাই পেয়েচিম। কি বিপদ! বোস্বাপু বোস্! দেখি দেখি। (ভূমে খড়ি পাতিয়া বহু চিন্তাপূৰ্বক) তবে বলি শোন্! এখন কাকুই বলিস্নে।
ক্ষণপ্ৰভার ক্লেশের শেষ হয়েচে।

জ্ঞালের ভিতর জ্বল্চে হীরে কুড়িয়েপাবে যবে। হারা পতি পাবে সতী ভাব্না কেন তবে॥ প্রমী। আহা! দিদি বাঁচ্লো।

দম। দিদি বাঁচ্লো বলে যেন ঢাক বাজাস্নে, ছাড়-জালানিরে।

প্রমী। তুই এখন দূর 🗮 র মা! আমরাতো তোর পেটের কথা পেয়েচি।

দম। বটে লো! কলিকাল যে! এবার ডাকিস্, সেই সময় ভোরা আছিস্ আরে আমি আছি। "এক মাঘে জাড্ পালায়না।"

প্রস্থান।

প্রমী ও লীলা। তখন বোঝা যাবে।

্র উভরায় হাস্তা ও প্রস্থান।

চতুর্থ গর্ভাঙ্ক।

রজতগিরি-রাজের উদ্যানে সরোবরতট।
(রাজকুমারের প্রবেশ।)

রাজকু। হে বিধাতঃ! না জানি আমার অদ্টে আরে।
কত কট আছে, নিশাচরীর হাতে প্রায় প্রাণ গেছলো।
তারপর অতিকায় ভয়য়য় ভুজসের গ্রাসে পড়েছিলেম।
তার পর জ্বলস্তু নদীতে পুড়ে মত্তে মত্তে রয়েছিলাম।
কিন্তু ঈশ্রেছায় সে সকল এড়িয়ে এলেম। হে জীবিতেখরি! আমি ভোমার জন্যে কি পর্যাস্ত ক্লেশনা কল্লেম,

এখনও যদি তোমাকে পাই, তবু সব সার্থক হয়। আহা! সমুখে দেখ্চিরজভগিরি-রাজের পুরী।মনোহর খেতকান্তি! কি শুলু পর্বত, কি উদ্যান, কি সরোবর—সকলি রজভময়। নারিগণ দেবকন্যার ন্যায় রূপনী; মর্ত্যলোকে এরপ কমনীয় শোভা দেখা যায় না। এই পুরীর মধ্যেই প্রেয়নী আছেন, ও অনভিবিলম্বে মিলন হইবে, সেই আশায় এখনও দেহে প্রাণ আছে। (রজভময় ঘাটে উপবেশন।) এ কে আস্চে? বোধ হয় কোন পুরনারী হবে। যেমন শুলুবর্ণ রজভ কলসী, ভেমনি এর সিভাক্ষের আভা,—এমন শোভা আর দেখি নাই! বোধ হয় জল লভেই আসচে।

(কুন্তুকক্ষে কাচিৎ পুরনারীর প্রবেশ।)

পুর। আহা! কি অপরপ রপ! বোধ হয় পৃথিবীর কোন রাজপুত্র হবে। আহা জল নিয়ে উঠি, তার পর জিজ্বেস্ কর্বোকে। (অন্যমনা হেতুরজত কলসী জলে নিক্ষিপ্ত) একি বিপদ! কল্মী জলে পড়লো,—কেমন করে তুল্বো (চিন্তাযুক্ত)

রাজকু। স্থন্ধর ! চিস্তা করোনা, আমি জলে হতে তোমার রজত কলদী তুলে দিচিচ। তুমি মাত রাজপুরের কিঞ্চিৎ সমাচার আমাকে বল। আগে তোমার পরিচয় দাও। তুমি কে?

পুর। বিদেশি, তুমি এইরপে অনুকুল হলে আমি কুল পাই। আমি রাজকুমারী ক্ষণপ্রভার পরিচারিকা। কুমারী পতিবিচ্ছেদে শোকাতুরা, যথাকালে যৎকিঞ্চিৎ জলপান ভিন্ন আর আহার নাই। এই জলের অপেকা কচ্চেন। রাজকু। (স্বগত) আহা! জীবিতেশ্বরি, তোমার সমাচার পেরে আমি জীবন পেলেম। (প্রকাশে) এসো ভোমার কলসী তুলে দেই। (কলসী উদ্ধার করতঃ তম্মধ্যে রাজ-কুমারীর হীরকাঙ্কুরী নিক্ষেপ)

পুর। আমার যে তুমি কি উপকার কল্পে, তা যত দিন বাঁচবো মনে থাক্বে।

প্রস্থান।

রাজকু। তুমিও আমার যে উপকার কলে, আমিও তা জন্মে ভুল্বোনা। (স্বগত) বোধ হয়, ঈশ্বর যথন এতদ্র পর্যান্ত আমাকে বাঁচিয়ে এনেচেন, তখন সেই প্রিয়তমা মহিষীর সঙ্গে মিলন হবে, এমন মনে হচে। কিন্তু দরিদ্রেরা কখন কখন স্বপ্রে নিধি পায়, নিজাভঙ্গে দেখে কিছু নাই; আমারো তেমনি না হয়।

প্রস্থান।

পঞ্চম গর্ভাঙ্ক।

রজতশিরি-রাজপুর – ক্ষণপ্রভার মন্দির।

(ক্ষণপ্রভাও বারিহস্তে পরিচারিকার প্রবেশ।)

ক্ষণপ্রা জ্বল রাখ্। এত বিলম্ব কেন?

পরি। কল্দী জলে পড়েছিল, তুল্তে বিলম্ব হলো।

ক্ষণপ্র। জ্বলের ভিতর এটা জ্বলচে কি ?

পরি। তাকি জানি। (নিরীক্ষণ করিরা।) বটে তো, তুলিই দেখনা! ক্ষণপ্র। দেখি দেখি এটা কি? যেন আংটির মত চক্মক্ কচেচ। (বারি হইতে অঙ্কুরী তুলিয়া নিরীক্ষণ, ও চমৎকত হইয়া) এ যে আমারি সেই অঙ্কুরী দেখ্চি!! স্থামীকে দেবার জন্যে কমল্বনে সম্যাসীকে দিয়ে এসেছিলেম, এ অবশ্যই তাঁর নিকট ছিল; তবে তিনি এসেচেন। বুঝি বিধাতা আমার প্রতি এতদিনে প্রসম্ম ইলেন। হে জীবিতেশ্বর! আমার জন্যে তুমি যে অরণ্যে কত কন্ত পেয়েচ, তা মনে করে আমি ছঃখে দ্রব হচিচ। আজি আমার স্থ্রপ্রতাত! (রোদন প্রকি ভূতলে পতন)

পরি। রাজকুমারী উঠ; যদি তাই হয়, তবে আমাদের আজ শুভদিন বটে।

(জ্রুতগতি দমনিকা ও প্রমীলার প্রবেশ।) প্রমী। কি ! কি ! বল দেখি। কি হয়েচে?

পরি। জলের ভিতর একটী হীরের আংটি পাওয়া গেচে, তাই দেখে রাজকুমারী কেঁদে আচাড্ থেয়ে পড়্লেন।—বল্-লেন, এ অঙ্কুরী স্বামীর কাছে ছিল তিনি অবিশ্রি এসেচেন।

প্রমী। দিদি ওঠ, এর অপেক্ষা আর আহ্লাদের বিষয় কি আছে। আমরা যা মনে কচ্চি, তাই হয়েচে। বিধি তোমার প্রতি সদর হয়েচেন। (ধরিয়া উত্তোলন)

দম ৷ আমি তো সে দিন গণে বলিচি যে-

(মন্ত্রী ও রাজার প্রবেশ।)

রাজা। কথাটা কি । গোল্ কিসের । ক্ষণপ্রভা কাঁদে কেন ।
পরি। মহারাজ, আমি এখন যে জল আন্লেম্, ঐ
জলের মধ্যে একটি ছীরের অঙ্কুরী পাওয়া গোচে। রাজুকুমারী ঐ অঙ্কুরী দেখেই কেঁদে জাচাড্ খেয়ে পড়লেন, আর
বল্লেন্ যে ঐ অঙ্কুরী আমার স্বামীর কাছে ছিল, ভবে ভিনি
এখানে অবিশ্যি এসেচেন্। এই কথা।

রাজা। সেখানে আর কে ছিল?

পরি । মহারাজ, কল্সী জলে পড়ে গেছলো। আমি মেয়েমারুষ, তুল্তে না পেরে একটী বিদেশী স্পুরুষ সেখানে দাঁড়িয়ে ছিলেন, তাঁকেই বলাতে তিনি তুলে দিলেন। তিনি বিদেশী মানুষের ন্যায়,—কোন রাজপুত্র হবেন। দেখতে অতি রপবান, ও কথাবার্তায় বড় ন্যু।

রাজা। ছুহিতে ক্ষণপ্রভা, তুমি আগে এ অঙ্কুরীর রুতান্ত বল। এ কাহার অঙ্কুরী, তোমার নিকট কিরুপে এলো, তোমার মুখে শুনি।

ক্ষণপ্র। মহারাজ, এ হীরক অঙ্কুরী আমার,— চিরদিন আমার নিকট ছিল। আমার বনবাস হলে, অঙ্কুরী কমল-বনের পরিব্রাজকের নিকট রেখে আসি, আর বলে আসি যে আমী যবে আমার অন্থেষণে আস্বেন, সেই সময় অঙ্কুরী তাঁকে দেবেন। নচেৎ তুর্গম পথে তাঁর আসা কঠিন হবে। অঙ্কুরী আমার আমীর নিকট ছিল, ও এখন জলের মধ্যে পাওয়া যাচেচ,—এতেই বেশ বোধ হচেচ যে আমার আমী এখানে এসেচেন। নচেৎ অঙ্কুরী জলের মধ্যে এখানে

কিরপে এলো? অঙ্কুরী দেখে মনে হলো, যে আমার যুগল-রত্ব লাভ হলো। সেই আনন্দে আমি বিহ্বল হয়ে ধরায় পডেছিলেম। তুহিভার অধীরতা মার্জ্ঞনা করবেন।

রাজা। কথায় মিল্চে বঠে। তবে তাকে আমার নিকটে লয়ে এসো; কালি এর বিবেচনা কর্বো। এই অঙ্কুরী সম্প্রতি ক্ষণপ্রভার নিকটে থাক।

মন্ত্রী। মহারাজ, আজ ঐ বিদেশী ব্যক্তিকে কোথায় রাখা যাবে?

রাজা। রাজপুরের কোন বহিঃপ্রকোঠে সন্মানে রাখ।
কোনরপে অযত্না হয়। আরো দেখিবে যে অন্তঃপুরের
কেহ গিয়া ভাহার সহিত সাক্ষাৎ করিতে নাপায়।

মন্ত্ৰী। যে আছে।

ি সকলের প্রস্থান।

ষষ্ট গৰ্ভাঙ্ক।

রজতগিরি-রাজপুর।

(রাজা ও মন্ত্রী ও পিঙ্গলাদেশের রাজকুমারের প্রবেশ।)

রাজা। কহ বিদেশি, তুমি কাহার পুত্র, ও কোন্ দেশে
নিবাদ? তোমার অলোকিক রপলাবণ্য ও সিংহের সদৃশ
পরাক্রম দেখে বোধ হতেছে যে তুমি কোন অসাধারণ মরুষ্য
হবে। রজভগিরিপুরে ভোমার প্রয়োজন কি ভাহাও বল।

রাজকু। মহারাজ, আমি আপনাকে অভিবাদন কচ্চি। আত্মপরিচয় এই, যে আমি পিঙ্গলারাজ্যের রাজচক্রবর্তী বেগিবলাথ রাজার অনন্যপুত্র; মহারাজের পারম রূপদী জ্যেষ্ঠা কন্যা ক্ষণপ্রভা আমার পরিণীতা মহিষী। আমি युष्त गमन कतिता आमात अनिकार्थी रेनवळ विष्कृता পिতा-মহারাজকে কুমন্ত্রণা দিয়ে আমার প্রণয়িনীকে বনবাস দেওয়ায়। আমি শক্ত দমন করিয়া স্বরাজ্যে এসে ঐ কথা শুন্লেম; ভাতে যেরপ মনোত্রংখ পেলেম তা মুখে বলা অসাধ্য। তার পর প্রতিজ্ঞাকরে বাহির হলেম যে, যদি নেই প্রিয়তমা পত্নীর অবেষণ পাই, ও তাহার দকে পুনর্কার মিলন হয়, তবেই রাজ্যে আস্বো, নচেৎ এই যাতা। মহা-রাজ। এরপ প্রণয় আর হয় নাই—হবে না। একের বিচ্ছেদে আরের মৃত্যুর নিশ্চয়তা আছে। আপনি পিতাবিশেষ, আমি পুত্র— শ্রীচরণে আশ্রিত হচ্চি। আমার প্রণয়িনীকে আমাকে সমর্পণ করে আমাকে ক্লভার্থ করুন।

রাজা। এমন আশ্চর্য্য কথা আর কখন শুনি নাই।
পরিরাজ্ব-কন্যা দেবকন্যাবিশেষ। তুমি মনুষ্যজাতি।
তোমাদের উভয়ের মধ্যে এরপ প্রণয়ের সম্ভাবনা কি?
যদি তাহা যথার্থ হয়, তবে বিচিত্র বটে, ও তাহার প্রমাণ
পাইলে অগানে রাজনন্দিনীকে সমর্পণ করিব। তুমি
অ্রো এই শক্রধনুতে গুণ দেও,—তোমার পরাক্রম
রুঝি।

রাজকু। যে আছে। মহারাজ ! আমার পরাক্রমের এ বিশেষ পরিচয় নছে। "হর-ধকুতে" গুণ দিবারও আমার শক্তি আছে। (বাহুবলে শক্রধনুতে গুণ প্রদান—ও কোলাহল শব্দ)

রাজা। যুবরাজ, তোমার বাহুবল ধন্য ! তুমি সাম্রাজ্য শাসনেরও যোগ্য। আর এক সমস্যা আছে, তাহাতে মনোযোগ কর। এই যবনিকার অভ্যন্তরে ক্ষণপ্রভাসহ সাত জন রাজকুমারী সারি সারি বসিয়া আছে, তাহাদের তর্জ্জনীন্যাত্র যবনিকার বাহিরে আছে। যদি ক্ষণপ্রভার অঙ্কুরী একেবারে লক্ষ্য করিতে পার, তবে সে তোমার যথার্থ প্রণয়িনী, ও তুমি তার স্বামী। নচেং অঞ্জতার্থ হইলে রজতগিরি-শৃঙ্গে চিরদিন কারাবাসে থাকিতে হইবে।

রাজকু। (চিন্তার সহিত খগত) এ বড় বিষম সমস্থা! একাক্ষতি সাতটি অঙ্গুলীর মধ্যে ক্ষণপ্রভার অঙ্গুলী একেবারে লক্ষ্য করা সামান্য কঠিন ব্যাপার নহে। যদি দেবতা সদয় হন, তবেইত ভাল, নচেৎ রজতিগিরিশৃঙ্গে দেহ-পাত হবে। কিন্তু দেখ্চি যে একটি অঙ্গুলীর নিকট মধু-মক্ষিকা গুণ্ কচেচ। পালিনীর নিকট ভিন্ন মধুকর কেন যাবে ? বোধ হয়, ক্ষণপ্রভা-সরোজিনীর ঐ অঙ্গুলী হবে; আর কাক্ত নয়। যাহা হউক (প্রক্রত অঙ্গুলী লক্ষ্য—নেপথ্যে কোলাহল ও বাছোছম)

রাজা। রাজকুমার, তোমার পরিশ্রম অতঃপর সফল।
(দমনিকা ও ক্ষণপ্রভার প্রবেশ।)
তনয়ে, আর রোদন করো না। এই রাজপুত্র তোমার
স্বামী বটে। তোমাদের প্রণয়ের কাহিনী বিচিত্র। (রাজ-কুমারীকে হাতে হাতে সমর্পণ)

রাজকু। মহারাজ, আমি পুনর্কার আপনাকে অভি-বাদন কচিচঃ •

রাজা। পুত্র, তোমার কল্যাণ হউক! (আলিঙ্গন)

এক্ষণে কিছু দিন এখানে বাস কর, যে আমাদের মনের
সম্ভোষ হউক।

দম। এখন ঝি জামাইকে বরণ করে ঘরে নেও। আমরা হারাধন পেয়েচি।

প্রস্থান।

রাজকু। প্রিয়ে, এখন সকল মনোত্বংখ দূর কর। বিচ্ছেদ না হলে মিলনে স্থানাই। কিন্তু আমার মনে ছিলানা যে তোমার বিধুবদন আর দেখ্বো। বিধাতা সদয় হয়ে আমাদের উভয়ের মনোরথ পূর্ণ কল্লেন। আর রোদন করোনা। (রাজকুমার কর্তুক ক্ষণপ্রভার অশ্রুমাচন)

ক্ষণপ্র । (অঞ্চমুখী) আমার কপালে বাছিল হয়েচে!—
কারু দোষ নাই। একে তোমার বিচ্ছেদানল, তায় বনবাদের
ক্রেশ,—ছই সহ্চ কত্তে না পেরে কমলসরোবরে ঝাঁপু দিতে
প্রস্তত হলেম, এমতকালে দৈববাণীতে নিষেধ করাতে
কাঁদ্তে কাঁদ্তে উপরে উঠ্লেম। সেই সময় কোন দয়াময়
তাপদের সঙ্গে মিলন হওয়াতে তাঁহার পরামর্শে শূন্যপথে
চলে এলেম। আরু পথের কথা সকল বলে অস্কুরী দিয়ে
এলেম। কিন্তু শিশু-পুত্রের অদর্শনে আমার দেহ দাহ
হচে। (রোদন)

রাজকু। প্রিয়ে, তোমার সেই অমূল্য রত্নাঙ্কুরীর গুণে ও পরিবাজকের কপায় আমরা উভয়েই এ যাত্রা তাণ পেলেম। যদি তানা হতো, তবে আমার বোধ হয় যে পুন-মিলন হওয়া বড় কঠিন হতো। যা হবার হয়েচে। এক্ষণে আরি স্বপেদিন মাত্র এখান হতে চল স্বদেশ যাত্রা করি। পিতা-মহারাজ্ব আর্থানে গমন্ত কর্বেন; ও শিশু সন্তান তোমা বিনা দিন দিন ক্ষীণ হচ্চে। এতে তোমার যেমন ইচ্ছা হয়।

ক্ষণপ্রা যেখানে স্বামী সেইখানে স্ত্রী। গ্রহবৈগুণো কিছুকাল বিচ্ছেদে গেল। আমি তোমার অনুচরী মাত্র। শুভদিন দেখে শীগ্যির যাত্রা করাই আমার মত।

রাজকু। তবে সেই ভাল।

িউভয়ের প্রস্থান।

मक्षम গर्ভाक्र।

পিঙ্গল-রাজপুর।

(যুবরাজ, রাজমহিষী, মালতী, পুরনারী, ও প্রহরিগণের প্রবেশ।)

মালতী। যুবরাজ-মহিবি, ভোমার নবকুমারকে কোলে কর। তোমাকে চক্ষে দেখ্বো, এ আর আমাদের মনে ছিল না। রাজ্যশুদ্ধ লোকের আনন্দের সীমে নেই, যে তুমি ঘরে এসেছ।

যুবরাণী। (সজলনয়নে) সকলি গ্রহতে করে। মা! কারু কোন দোষ নেই, আমারি কপালের দোষ। (শিশু সম্ভানকে ক্রোড়ে ক্রিয়া) যা হ্বার হ্য়েচে। এখন মন্ত্রীকে বল, যে আমার শিশুপুজের কল্যাণ জন্যে দীন দরিজ-দিগকৈ দান কফন।

মাল। হউক। তোমার নবকুমার চিরজীবী টুটকু !। রাজার ভাণার—সোণারপেক্ত অভাব নেই।

(মন্ত্রীর প্রবেশ।)

মন্ত্রী। যুবরাজ, শুভদিন দেখে সিংহাসনে আরোহণ ককন, বৃদ্ধ মহারাজের এই অভিপ্রায়।

যুব। হউক! আজ্ অত্যন্ত লোকারণ্য দেখ্চি, এর কারণ কি ?

মন্ত্রী। রাজ্যের লোক আপনাকে দর্শন কত্তে এসেচে।
বিতীয় কথা এই, যে বৃদ্ধ মহারাজ আশ্রমে গমন করিবার
কালে এই আজে করেছিলেন যে আপনি রাজ্যে এলে
অনাগতবাদীর অপরাধের বিচার হবে। যেহেতু এক্ষণে
রাজ্যে এই রাপ্ত হয়েচে, যে এ ভবিষ্যদ্বকা বিজ আপনার
প্রতি দেষ বশতঃ মহারাজকে কুমন্ত্রণা দিয়ে যুবরাজমহিষীকে বনে পাঠায়। ধর্মাধ্যক্ষের আদেশে সে ব্যক্তি
সম্প্রতি কারাগারে বন্দী আছে।

যুবরাজ। তবে তাকে ল্য়ে এসো। ধর্মাধ্যক্ষ তার ন্যায়মত বিচার করুন।

মন্ত্রী। যে আছে। আরে কে আছিন্!—অনাগড়-বাদী বন্দীকে লয়ে আয়।

প্রহরিগণ। যে আছে।

[প্রহরিগণের প্রস্থান।

যুব। এখন রাত্কত হয়েচে ? স্তি অন্ধার নিশি দেখ্চি।

মুকা। রাত্তি প্রায় এক প্রহর হয়েচে। তায় লোকা-রণ্য, ও ঘোর অন্ধকার; দেখতে যেন ভয়ানক হয়েচে!

(অনাগতবাদী ও প্রহরিগণের প্রবেশ।)

নেপথ্যে। এই বেটা পাপিফি আস্চে! বেটা নরাধম! দে বেটাকে শুলে দে!

প্রহরিগণ। আরে চুপ্! চুপ্!

মন্ত্রী। অনাগতবাদি, ভোমার কথা কি তাবল। তুমি ≼্য কর্ম করেচ, তাতে ইহলোকে ও পরলোকে ভোমার নিক্ষতি নাই।

অনাগত। ধর্মাবভারের যেমন ইচ্ছা। আমার কোন কথা নাই।

নেপথ্যে। এবেটা রাজ্জোহী! একে নিপাত কর— নিপাত্ কর! (অল্ফিতরূপে অপ্রাঘাত)

অনাগত। মা গো | মা গো | গেলুম্ গো ! মেলে গো ! মেলে গো ! (অস্ত্রাঘাতে ভূতলে পতন ও প্রাণত্যাগ; ও চতুর্দ্ধিকে লোকের কোলাহল ও ইতস্ততঃ পলায়ন 1)

যুব। একি ! একি ! কে মাল্লে ? দেখ-- দেখ !

মন্ত্রী। যোর অন্ধকার নিশি, ও অত্যন্ত জনতা হয়েচে। এর মধ্যে কে যে পেছন্ থেকে এসে হঠাৎ আঘাত কল্লে, তা এখন জানা ভার।

যুব। ওকে সম্মুখে নিয়ে এসো! বেঁচে আছে কি মরেচে দেখি! বোধ হচেচ, মরেচে। প্রহরী। যে আজে। (ধরাধরি করিয়া অনাগত-বাদীর রক্তাক্ত দেহ যুবরাজের সমুখে আনয়ন)

যুব। ইস্! এ যে রক্তে ভেদে যাচেচ। সভা যে শোণিত-ময় হলো। একে হত্যা কর্বার কারণ কি? এমন কর্ম কে কল্লে?

মন্ত্রী। এর কারণ এই বোধ হচ্চে যে যুবরাণী এরাজ্যের অতি প্রিয়পাত্রী। অনাগতবাদী অনর্থক দ্বেষ করে, রাজাকে কুমন্ত্রণা দিয়ে তাঁকে বনে পাঠানতে রাজ্যের লোক অত্যন্ত ক্রোধ ও আক্ষেপ করেছিল; আর তৎকাদীন তারা এমনি উন্মন্ত হয়েছিল যে যদি সে সময় তাদের থামান না যেতো, তবে তথনি ওকে বিনাশ কত্তো।

যুব। যুবরাণী যেমন অবিচারে বনে গেছলেন্, এও তেমনি বিচারের পূর্বে মারা গেল। ছই কথাতেই আক্ষেপ জনিতে পারে। যাহ'ক্ অনাগতবাদীর মৃত দেহ তার পরিজন ও অগণকে দাও, যে তারা বিধিমতে সত্কারাদি করিতে পারে।

মন্ত্রী। যে আজে। (পরিজনদিগকে হত দেহ অর্পণ)

যুবরাণী। স্বামিন্! আমার কপালে যা ছিল হয়েচে।

এক্ষণে মৃত ব্যক্তির স্ত্রী পুত্র পরিবার যে হাহাকার কর্বে,

তা আমি কাণে শুন্তে পারবোনা। এদের প্রতিকার কর।

আমার কপালে ছঃখুনা থাক্লে প্রাচীন রাজারি বা বুদ্ধিলাপ হবে কেন। বরং আমি পুনর্কার রজত্গিরিপুরে

গমন কর্কো।

[যুবরাজমহিষী, মালতী ও পুরনারিগণের প্রস্থান।

যুব। দেখ, আমাদের রাজ্য আরম্ভ হতে না হতেই রাজসভাতে একটা হত্যা হলো। আর এর পূর্কেই পিতা আশ্রমে গেলেন। না জানি চরমে কি হবে। আর রাণী অপ্রবীণা, রক্তপাত রোদনানি দোষ শুনে ব্যাকুল হয়েচেন। তুমি কিছু দিন স্বয়ং রাজকার্য্য কর। আমি যুবয়াণীকে অন্তঃপুরে সান্ত্রনা করিব। রাণীর মনস্থির হলে বাহিরে পুনর্কার বার দিব।

মন্ত্রী। হউক! কিন্তু রাজা বিনা রাজ্য থাকে না, যেমন কর্নধারবিহীনা নেকা আশু তরঙ্গে মগ্না হয়। তত্রাপি আশনকার আজ্ঞা পালনার্থে আপনকার চিত্রপট সিংহাসনে রাথিয়া রাজ্য শাসন করিব।

যুব। হউক !

ি সকলের প্রস্থান।

যবনিকা পতন।

Printed by 1. C. Bose & Co., Stanlage Press, 249, Bow-Bazar Street, Calcutta.

